# School Bank চ্যাম্পস

# টিচার্স ম্যানুয়াল

10 থেকে 14 বছর বয়সী বাচ্চাদের জন্য

সামাজিক এবং অর্থনৈতিক শিক্ষা

**School Bank Champs**-এর ভূমিকা ........ **6**
এই টিচার গাইডটি কীভাবে ব্যবহার করতে হয় ........ Error! Bookmark not defined.
**School Bank Champs** পোস্টারটির ব্যাখ্যা ........ Error! Bookmark not defined.
দি গ্লোবার মানি উইক **School Bank** লঞ্চ ........ **12**
ইউনিট **1:** আমার সেভিংস ........ **14**
**1.** চাহিদা এবং প্রয়োজনীয়তা ........ Error! Bookmark not defined.
**2.** অর্থ সঞ্চয় ........ Error! Bookmark not defined.
**3.** আমার অ্যাকাউন্ট ........ Error! Bookmark not defined.
**4.** সঞ্চয়ের রিসোর্স ........ Error! Bookmark not defined.
ইউনিট **2:** আমাদের ক্লাব ........ **23**
**1.** **School Bank** চ্যাম্পস-এর ভূমিকা ........ Error! Bookmark not defined.
**2.** আমাদের ক্লাব গঠন ........ **23**
**3.** প্রভেদের মধ্যে শক্তি ........ **43**
**4.** স্বাস্থ্যকর বন্ধুত্ব ........ Error! Bookmark not defined.
ইউনিট **3:** আমাদের অর্থনৈতিক ম্যানেজমেন্ট ........ **31**
**1.** বাজেটিংয়ের সূচনা ........ Error! Bookmark not defined.
**2.** সঞ্চয়ের জন্য বাজেট করা ........ Error! Bookmark not defined.
**3.** অর্থনৈতিক দায়দায়িত্ব ........ Error! Bookmark not defined.
**4.** অ্যাকশন প্লানিং ........ Error! Bookmark not defined.
ইউনিট **4:** আমাদের কমিউনিটি ........ Error! Bookmark not defined.
**1.** আমাদের অধিকার ........ Error! Bookmark not defined.
**2.** কমিউনিটিতে আমাদের অধিকার ........ Error! Bookmark not defined.
**3.** আমাদের স্বচ্ছ কমিউনিটি ........ Error! Bookmark not defined.
**5.** রিসাইক্লিং ........ Error! Bookmark not defined.
ইউনিট **5:** আমাদের এন্টারপ্রাইজ ........ **45**
**1.** টিমওয়ার্ক ........ Error! Bookmark not defined.
**2.** একটি এন্টারপ্রাইজিং আইডিয়া বেছে নেওয়া ........ Error! Bookmark not defined.

**4.** এন্টারপ্রাইজ বনাম শিশুশ্রম ...................................................................... Error! Bookmark not defined.

ইউনিট **6:** আমার জীবনের লক্ষ্যগুলি ...................................................................................................... **53**

**1.** জীবনের লক্ষ্যগুলি ...................................................................................... Error! Bookmark not defined.

**2.** রোল মডেল ............................................................................................... Error! Bookmark not defined.

**3.** আমার ভবিষ্যত ........................................................................................... Error! Bookmark not defined.

বছর সমাপ্তি উদযাপন ........................................................................................ Error! Bookmark not defined.

# SchoolBank Champs-এর সূচনা

আপনি কি বিশ্বাস করেন যে বাচ্চাদের পক্ষে এটি শেখা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে কীভাবে অর্থ সঞ্চয় করতে হয়, আমাদের পরিবেশ সংরক্ষণ করতে হয় এবং আমাদের কমিউনিটিতে পরিবর্তনকারী হয়ে উঠতে হয়? আমরা আশা করি যে আপনি আপনার বাচ্চাদের জন্য এগুলিকে তার জীবনের গুরুত্বপূর্ণ লাইফ স্কিল বলে মেনে নেবেন।

আমরা বাচ্চাদেরকে তাদের কমিউনিটিতে বিকাশের ক্ষেত্রে এবং জাতির উন্নয়নের ক্ষেত্রে তাদের ক্ষমতাকে আন্ডারএস্টিমেট করতে পারবো না।

ভারতীয় জনসংখ্যার 39 শতাংশ শিশু। এই আগ্রহজনক অনুপাতটিকে বিবেচনা করে দেখা যায় যে এরা হলো দেশের অন্যতম গুরুত্বপূর্ণ সম্পদ।

School Bank Champs ও ফাইনান্সিয়াল এডুকেশন ক্যাম্প হলো একটি অদ্বিতীয় এবং গুরুত্বপূর্ণ মধ্যবর্তিতা যা বাচ্চাদের ক্ষমতা/শক্তিকে সনাক্ত করে।

School Bank Champs প্রোগ্রাম সমাজের প্রতিটি অংশের শিশুদের কাছে পৌঁছানোর চেষ্টা করছে।

স্কুল ব্যাঙ্ক প্রোগ্রাম হলো একটি বিশ্বজনীন উদ্যোগ যা ভারতেও পালিত হচ্ছে। এর লক্ষ্য হলো বাচ্চাদেরকে আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে সংযুক্ত করা এবং বয়স-অনুপাতে পরিষেবা দেওয়া যার ফলে তারা পরবর্তীকালে তাদের জীবনকে উন্নততর উপায়ে নিয়ন্ত্রনের জন্য পথ এবং উপায় খুঁজে পাবে। এই প্রোগ্রাম থেকে দেখা যাবে যে সম্পদের সংরক্ষণ থেকে কীভাবে আমরা আর্থিক সঞ্চয় করতে পারি তারও একটা শক্তিশালী সংযোগসূত্র তৈরী করবে। এটি সনাক্ত করে শিশুদের সেই সকল অধিকারগুলিকে যেগুলি তাদেরকে জানিয়ে রাখতে হয় এবং তাদের জীবনের সঙ্গে সম্পর্কিত বিভিন্ন প্রক্রিয়াগুলির আর্থিক সিদ্ধান্তে তাদের অংশগ্রহণ করানো। এই ম্যানুয়ালের মাধ্যমে বাচ্চাদের আনন্দ এবং পরীক্ষামুলক শিক্ষা প্রক্রিয়ার মাধ্যমে একসাথে অন্য বাচ্চাদের সঙ্গে সামাজিক এবং আর্থিক বিষয়গুলি শেখার বিষয়ে সুযোগ পাবে এবং দক্ষতা অর্জন করবে। এগুলি তারা করবে School Bank চিলড্রেন ক্লাব গঠনের মধ্য দিয়ে, পারিবারিক এবং কমিউনিটি সংক্রান্ত ইস্যুগুলি বোঝা, সংরক্ষণ এবং সঞ্চয় বিষয়ে ধারণাকে ছড়িয়ে দেওয়া, উদ্যোগী হওয়ার ধারণা উপলব্ধি করা, কোন কোন বিষয়কে ভবিষ্যতে অগ্রাধিকার দেওয়া হবে তার পরিকল্পনার জন্য দক্ষতা গড়ে তোলা, পরিকল্পনা করা এবং বাজেট নির্ধারণ করা।

এই ম্যানুয়ালটি বাচ্চাদের শেখা এবং অনুসন্ধানের জন্য 6টি প্রধান শিখন ইউনিটকে সহজাত করে তুলতে সাহায্য করে:

1. আমাদের স্কুল ব্যাঙ্ক
2. আমাদের সঞ্চয়
3. আমাদের ফাইনান্সিয়াল ম্যানেজমেন্ট
4. আমাদের কমিউনিটি
5. আমাদের এন্টারপ্রাইজ

6. আমার জীবনের লক্ষ্য

এই ম্যানুয়ালটি ফ্যাসিলিটেরদের (শিক্ষক এবং ব্যাঙ্কার্স) কাছে একটি রেফারেন্স এবং গাইড হিসাবে কাজ করে যার মাধ্যমে এই ছয়টি প্রধান শিখনের বিষয়ে ধাপে ধাপে লেসন প্লানের মাধ্যমে শিক্ষা দেওয়া হয়।

## কীভাবে এই টিচার গাইডটি ব্যবহার করবেন

প্রতিটি কি লার্ণিং ইউনিটে অনেকগুলি করে লেসন আছে। প্রতিটি লেসন লেসন-প্লানের মতো করে তৈরী করা হয়েছে যা প্রতিটি ধাপকে এমনভাবে ব্যাখ্যা করছে যাতে প্রয়োজনীয় প্রস্তুতিকালীন সময়ের পরিমাণ কমে যায়।


প্রতিটি লেসনে নিম্নলিখিত চারটি করে কমপোনেন্ট আছে, যার মধ্যে প্রথম তিনটি প্রতিটি লেসনেই আছে এবং চতুর্থটি ঐচ্ছিক।

1. লেসন শিরোনাম: এটি হলো সেই একই শিরোনাম যা আপনি ওয়াল ক্যালেন্ডারে দেখতে পাবেন। এটি আন্ডারলাইন করা আছে এবং সংখ্যাভুক্ত।

2. লেসনের উদ্দেশ্য: প্রাথমিক জ্ঞানের ব্যাখ্যা, অ্যাটিচুড বা শিক্ষার্থীদের দক্ষতা এই লেসন থেকে শেখা যাবে। এটি নিম্নলিখিত আইকনের মাধ্যমে চিহ্নিত করা হয়েছে।

3. লেসনের নির্দেশাবলি: লেসনটি পরিচালনা করবার জন্য ধাপে ধাপে নির্দেশাবলি দেওয়া আছে, আপনার শিক্ষার্থীদের চাহিদার উপর নির্ভর করে আপনি এটি অ্যাডজাস্ট করতে পারেন বা প্রসঙ্গানুক্রমিক করে নিতে পারেন। এটি নিম্নলিখিত আইকনের মাধ্যমে চিহ্নিত করা হয়েছে।

4. [সাময়িক] লেসন উপাদান: যখন লেসনটিতে নির্দিষ্ট উপাদান (রেফারেন্স, গল্প ইত্যাদি) থাকবে, যেগুলির প্রয়োজন হবে, সেগুলি এখানে দেখা যাবে। এটি নিম্নলিখিত আইকনের মাধ্যমে চিহ্নিত করা হয়েছে।


Unit 2: Our Savings

1. Needs and Wants

Objectives

By the end of the lesson, the students will be able to:

a) Understand the difference between needs and wants
b) Identify savings goals based on needs and wants


Instructions

1. Ask the students: What is the difference between needs and wants?

5. [ঐচ্ছিক] ওয়েব উপাদান: এগুলি হলো অতিরিক্ত উপাদান যা ওয়েব পোর্টালে উপলব্ধ, যা শিক্ষক শিক্ষার্থীদের পরবর্তীকালে ওয়েব পোর্টালে গিয়ে দেখে নেবার জন্য বলতে পারেন। এটি বাধ্যতামুলক নয় কিন্তু শিক্ষার্থীদের ভালোভাবে জানার জন্য এটি একটি ঐচ্ছিক উপায়। প্রতিটি উপাদান www.schoolbankchamps.com–এর ওয়েবসাইটে উপলব্ধ। এছাড়াও শিক্ষকদের জন্য অতিরিক্ত উপাদান পাওয়া যায়। এছাড়া যদি পরিকাঠামো বা ব্যবস্থাপনা উপলব্ধ থাকে তাহলে শিক্ষক ক্লাসে অডিও এবং ভিডিও ক্লিপিংস চালাতে পারেন।

# School Bank Champs পোস্টার ব্যাখ্যা করা

টিচার্স গাইডের অতিরিক্ত প্রতিটি ক্লাসরুমে সেই ক্লাসরুমের দেওয়ালে টাহানোর জন্য School Bank Champs পোস্টার দেওয়া হবে।





এই পোস্টারটি প্রাথমিকভাবে শিক্ষার্থীদের জন্য, যাতে তারা শেখার বিষয়ে উৎসাহ পায় এবং বর্ষব্যাপী কর্মসূচীতে অংশগ্রহণ করে। এই ছয়টি কি লার্নিং ইউনিটগুলির মধ্যে প্রতিটিতে পোস্টারটিতে নিম্নলিখিত তিনটি সেকশন আছে যেগুলির সঙ্গে শিক্ষার্থীরা পারস্পরিক আলোচনা করতে পারবে:

1. ঐ ইউনিটটির প্রধান বার্তাগুলি তারা শিখতে পারবে।
2. ঐ ইউনিট চলাকালীন তাদের দ্বারা পরিচালিত ক্লাবের কর্মকান্ডগুলি লেখার জন্য জায়গা আছে। তারা সাদা চক ব্যবহার করে লিখতে পারে।
3. ঐ ইউনিট চলাকালীন যেসকল স্কুল ব্যাঙ্ক ক্লাবস কর্মকান্ড করতে হবে তার একটি তালিকা।

এই পোস্টারটিতে আপনার ক্লাসের উপস্থিতি এবং প্রতিটি লেসন কীভাবে উপভোগ করা হচ্ছে সেটি উল্লেখ করার জন্য নির্দিষ্ট জায়গা আছে পোস্টারটিতে।

উপস্থিতি: প্রতিটি লেসনের পরে, আপনি ক্লাসে উপস্থিত ছেলে ও মেয়ের সংখ্যা উল্লেখিত নির্দিষ্ট জায়গায়




চক দিয়ে লিখে রাখতে পারেন।

উপভোগ: প্রতিটি লেসনের পরে, আপনি প্রতিটি শিক্ষার্থীকে তাদের এই লেসনটি কেমন লাগলো সেটি উল্লেখ করার জন্য ভোটিং ব্যবস্থার সাহায্য নিতে পারেন: (1) পছন্দ, (2) পছন্দও নয় আবার অপছন্দও নয়, (3) অপছন্দ। স্মাইলিং ফেস থাকা সবুজ বৃত্তের মধ্যে পছন্দকারী শিক্ষার্থীর সেই সংখ্যাটি লিখে রাখতে

পারেন, নিউট্রাল ফেসিং এক্সপ্রেসন সহ হলুদ বৃত্তের মধ্যে শিক্ষার্থীদের সেই সংখ্যা লিখে রাখতে পারেন যারা পছন্দও করে নি আবার অপছন্দও করেনি, এবং অখুশী মুখের ছবি সহ লাল বৃত্তে আপনি অপছন্দ হওয়া শিক্ষার্থীর সংখ্যা লিখে রাখতে পারেন।

# কীভাবে স্কুল ব্যাঙ্ক চ্যাম্পস অনলাইন ব্যবহার করা হবে

টিচার্স গাইডের সঙ্গে সঙ্গে, শিখন উপযোগী অতিরিক্ত উপাদান এই www.schoolbankchamps.com ওয়েবসাইটে দেওয়া আছে যা শিক্ষক এবং শিক্ষার্থীর উভয়ের জন্যই উপযোগী। School Bank Champs অনলাইন হলো একটি ঐচ্ছিক প্লাটফর্ম যা আপনাকে অতিরিক্ত কনটেন্ট বা উপকরণ দেয়, কিন্তু বিশেষ করে শিক্ষকদের জন্য এটিতে লগ অন করার জন্য সুপারিশ করা হচ্ছে যাতে তারা এমনকি ক্লাস চলাকালীন সময়েও ঐ কনটেন্টগুলি ব্যবহার করতে পারেন।

শিক্ষকদের জন্য School Bank Champs অনলাইন: শিক্ষকেরা এই অনলাইন পোর্টালে তাদের প্রোফাইল তৈরী করতে পারেন এবং তার মাধ্যমে অতিরিক্ত উপাদানগুলি শিক্ষার্থীদের প্রশিক্ষণে ব্যবহার করতে পারেন। অতিরিক্ত উপাদানগুলির মধ্যে অন্তর্ভুক্ত পোস্টার, আলোচনার অনুশীলন, গেমস এবং অন্যান্য রেফারেন্স উপকরণ।

শিক্ষকেরাও শিক্ষার্থীদের উপস্থিতি, তাদের শিক্ষার্থীদের পারফরম্যান্স এবং তারা প্রতিটি ক্লাস কীভাবে উপভোগ করলো সেগুলি টুকে রাখতে পারেন। প্রতিটি ক্লাসের পরে আপনি পোর্টালে যাবেন এবং ক্লাসগুলির উপস্থিতি এবং পারফরম্যান্স যুক্ত করবেন। এই প্লাটফর্মে শিক্ষকও তার শিক্ষার্থীদের কর্মকান্ডগুলি দেখতে পারবেন।

শিক্ষকেরা ধাপে ধাপে কীভাবে তাদের প্রোফাইল তৈরী করবেন: শিক্ষকেরা নিম্নলিখিত ধাপগুলি অনুসরণ করে তাদের অনলাইন প্রোফাইল তৈরী করতে পারবেন:

1. www.schoolbankchamps.com –এ চলুন
2. উপরের ডান দিকে থাকা সাইন আপ ক্লিক করুন।
3. এরপরে আপনার সামনে যে ফর্মটি আসবে তাতে আপনি আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর, আপনার ফোন নম্বর, ইমেল আইডি এবং পাসওয়ার্ড দিন। ভেরিফিকেশন কোডের জন্য আপনি একটি এসএমএস পাবেন যে কোডটি আপনাকে এখানে দিতে হবে। (অনুগ্রহ করে মনে রাখবেন যে এই অ্যাকাউন্ট নম্বরটি যেন আপনার নামে থাকে)
4. পরের স্ক্রীনে, অ্যাকাউন্ট টাইপ ফিল্ডে টিচার সিলেক্ট করুন। এবং আপনার স্কুলটিও সিলেক্ট করুন। আপনার স্কুলটি যদি উল্লেখিত না থাকে, তাহলে অ্যাড স্কুল লিঙ্কে ক্লিক করে আপনার স্কুলটি যুক্ত করুন।
5. এখন আপনি লগ-ইন হলেন।

http://guides.schoolbankchamps.com –এ আপনি বিস্তারিতভাবে ধাপে ধাপে রেজিস্ট্রেশন, শিক্ষার্থীদের যুক্ত করা, তাদের পারফরম্যান্স ম্যানেজমেন্ট এবং রিপোর্টিং করা সহ অন্যান্য বৈশিষ্ট্যগুলি এবং সেগুলি কীভাবে ব্যবহার করবেন তা জানতে পারবেন।

শিক্ষার্থীদের জন্য অনলাইন স্কুল ব্যাঙ্ক চ্যাম্পস: শিক্ষার্থীরা অতিরিক্ত উপকরণ এবং অনুশীলনের জন্য অনলাইন পোর্টালে লগ ইন করতে পারেন। এছাড়াও এখানে বিভিন্ন গেমস এবং গল্প আছে যেগুলি তারা ব্যবহার করতে পারে।

শিক্ষার্থীদের অ্যাকাউন্ট তাদের শিক্ষকেরা তৈরী করে দেবেন অথবা শিক্ষার্থীরা নিজেরা সেটি তৈরী করলেও পরবর্তী কালে শিক্ষকেরা সেটি দেখে যাচাই করে নেবেন। শিক্ষকেরা শিক্ষার্থীদের এই পোর্টালে লগ ইন করার জন্য উৎসাহিত করবেন।

http://guides.schoolbankchamps.com –এ শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও লগ ইন করার ধাপগুলি বিস্তারিতভাবে বলা আছে।

শিক্ষকদের উচিত তার শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন করতে এবং নিয়মিতভাবে এই অনলাইন কোর্সটি অনুসরণ করতে উৎসাহিত করা।

# The Global Money Week SchoolBank লঞ্চ হওয়া

Global Money Week সহ School Bank Champs–এর লঞ্চ করায় আপনাকে স্বাগত জানাই। আপনি বাচ্চাদের ফাইনান্সিয়াল অ্যাকসেসের জন্য এবং বিশ্বজনীন আন্দোলনকে নেতৃত্ব দিচ্ছেন।

2015 সালে ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশন লক্ষ লক্ষ শিশুদেরকে ব্যাঙ্ক অ্যাকাউন্ট করে দেওয়ার জন্য একটি প্রোগ্রাম লঞ্চ করছেন।

এই অ্যাকাউন্টগুলিতে কোনো ফি লাগবে না এবং এই অ্যাকাউন্টটি করবার জন্য আপনার নিকটবর্তী ব্যাঙ্কের শাখায় যেতে হবে বা একজন ব্যাঙ্কের আধিকারিক বিদ্যালয়ে ভিজিট করবেন যিনি এই অ্যাকাউন্টটি করতে সাহায্য করবেন।

যখন শিক্ষার্থীরা ব্যাঙ্কে একজন ফাইনান্সিয়াল আধিকারিকের সঙ্গে দেখা করবেন তখন নিশ্চিত হয়ে নেবেন অ্যাকাউন্ট করবার সময়ে তাদেরকে যেন নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করা হয়:

ব্যাঙ্কার/ আর্থিক প্রতিষ্ঠানের কর্মীর জন্য প্রশ্নাবলির নির্দেশিকা

সাধারণ প্রশ্নাবলি

- আপনি যে অ্যাকাউন্টটি করবার জন্য প্রস্তাব দিলেন তাতে সবসময়ের জন্য একটি ন্যুনতম নির্দিষ্ট পরিমান অর্থ সবসময়ের জন্য রেখে দিতে হবে?

- এই অ্যাকাউন্টগুলি সুদ হিসাবে কি পরিমান সুদ পাবে?
- আপনি কত পরিমান মাসিক ফি নির্ধারণ করেছেন?
- আপনি কি পরিমান চার্জ করবেন যদি ....
    - আমি যদি ন্যূনতম ব্যালেন্সের জন্য নির্দিষ্ট পরিমাণ অর্থ না রাখি?
    - আমি যদি জমা করি বা অর্থ তুলে নিই?
    - আমার অ্যাকাউন্টে যে পরিমান অর্থ আছে তার থেকে বেশি পরিমাণ অর্থ তুলে নেওয়ার মাধ্যমে আমি যদি ওভারড্রন করি?
    - আমি (কাউকে জানিয়ে বা না জানিয়ে) আমার অ্যাকাউন্ট বন্ধ করে দিই?
    - আমি যদি খোঁজ নিই যে আমার অ্যাকাউন্টে কত ব্যালেন্স আছে?
- আমি একবারে কত পরিমাণ অর্থ তুলতে পারি? আমি কতবার অর্থ তুলতে পারি? আমি আমার অ্যাকাউন্টে অর্থ জমা করার কত দ্রুত পরে আমি সেই অর্থ তুলতে পারি?

আধুনিক প্রযুক্তির ব্যবহার সম্পর্কিত

- আমি কি ATM মেশিন ব্যবহার করতে পারি?
- অ্যাকাউন্টের বিষয়ে তথ্যাবলি জানবার জন্য আমি কি টেলিফোন বা ইন্টারনেট ব্যবহার করতে পারি?
- আমার অ্যাকাউন্ট ম্যানেজ করবার জন্য আমি কি ইন্টারনেট ব্যবহার করতে পারি?

একটি অ্যাকাউন্ট থাকার নিয়মাবলি সম্পর্কিত

- আপনি কি বিশেষভাবে শিক্ষার্থী বা যুবকদের অ্যাকাউন্টে কোনো অফার দিয়ে থাকেন?
- যদি না হয়, তাহলে একজন ছাত্র/যুব কীভাবে তার অ্যাকাউন্ট করবে? (এমন অনেক উদাহরণ আছে যেখানে শিক্ষার্থী/যুবরা একটি গোষ্ঠী হিসাবে অ্যাকাউন্ট খুলেছে, বা কোথাও অভিভাবক/পিতামাতা তাদের হয়ে দাঁড়িয়েছেন।)

অন্যান্য আরো আর্থিক পরিষেবা যা ব্যাঙ্ক/ আর্থিক প্রতিষ্ঠানগুলি দিয়ে থাকে সেগুলি সম্পর্কে

- অ্যাকাউন্ট ম্যানেজমেন্ট ব্যতিরেকে, আপনার প্রতিষ্ঠানের পক্ষ থেকে আর অন্য কি কি পরিষেবা দেওয়া হয়ে থাকে?
- আমাদের সময়কালের বাচ্চা এবং তরুন যুবদের জন্য কি এই পরিষেবাগুলি উপলব্ধ?

Global Money Week হলো একটি বার্ষিক অনুষ্ঠান যা মার্চ মাসে অনুষ্ঠিত হয় যখন সারা বিশ্ব জুড়ে বিভিন্ন দেশগুলিতে শিশু এবং যুবদের জন্য অর্থ বিষয়ক সচেতনতা, আর্থিক অন্তর্ভুক্তিকরণ এবং উদ্যোগপতি হওয়ার কর্মসূচী পালিত হয়। এটি একটি দারুন সুযোগ এবং যুবদের পক্ষে তাদের জীবনযাত্রা অতিবাহিত করা, চাকরির সুযোগ লাভ করা এবং এমনকি তাদের নিজস্ব প্রতিষ্ঠান শুরু করার পক্ষে একটি দারুন উপায়।

# ইউনিট 1: আমার সঞ্চয়

## 1. School Bank Champs-এর সূচনা

### উদ্দেশ্য

এই লেসন শেষ করার পরে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) SchoolBank Champs এবং এর মুল লক্ষ্যকে সনাক্ত করতে পারে
b) School Bank Champ হওয়ার জন্য প্রচন্ড আনন্দিত হওয়া এবং School Bank Champ –এর মুল লক্ষ্য প্রয়োগ করা
c) একজন School Bank Champs হওয়ার জন্য প্রতিটি ধাপগুলি অনুসরণ করার জন্য উৎসাহিত করা এবং এই উপকরণটি সক্রিয়ভাবে শেখার জন্য আগ্রহী হয়ে ওঠা
d) School Bank Champs –এর জগতে এবং তাদের বন্ধুদের সঙ্গে পরিচিত হওয়া।

### নির্দেশাবলি

1. শিক্ষার্থীদের জোড়া জোড়ায় রাখুন এবং চ্যাম্পিয়ন বা সুপারহিরোদের মধ্যে কি কি গুণাবলি সকলের মধ্যে সচরাচর দেখতে পাওয়া যায় সেগুলি চিন্তা করবার জন্য ওদেরকে সময় দিন। শিক্ষার্থীদের সঙ্গে বন্ধুর মতো হয়ে চিন্তাভাবনা করা অত্যন্ত জরুরী। সম্ভাব্য উত্তরগুলির মধ্যে অন্তর্ভুক্ত: ওদের অতি মানবীয় ক্ষমতা আছে, ওরা অন্যদেরকে সাহায্য করে, ওরা অন্যদের হয়ে লড়াই করে, ওরা অন্যদেরকে নিজেদের মতো মনে করে, ওরা দৃঢ়প্রতিজ্ঞ এবং ওরা নিঃস্বার্থ। এছাড়াও ওদের সঙ্গে আলোচনা করুন যে সকল সুপারহিরোদের কি অতি মানবীয় ক্ষমতা থাকা একান্ত জরুরী যদি না হয় তাহলে অন্যদেরকে ছাপিয়ে গিয়ে কীভাবে তারা একজন সুপারহিরো হয়ে উঠলেন।
2. School Bank Champs পোস্টারে এবং School Bank Champs তার বন্ধুদের ছবিগুলো দেখান। ওদেরকে জানান যে School Bank Champs –এর এই পোস্টারে থাকা ছবিগুলো সব সাধারণ শিশুদের যারা এখন একেকজন চ্যাম্পস। ওরা একেকজন চ্যাম্পস কেননা ওরা পরিবর্তনকারী। সম্পদ সংরক্ষনে ওরা অন্যদেরকে সাহায্য করেছে এবং সারা বিশ্ব জুড়ে সকলকে সম্পদশালী, এন্টারপ্রাইজিং এবং ইনভেনটিভ হয়ে ওঠার জন্য সহযোগিতা করছে। ওদেরকে বলুন যে ওরা এখানে রয়েছে আপনাকেও একজন চ্যাম্প হয়ে ওঠবার জন্য সাহায্য করতে।
3. School Banks Champs –এর বিভিন্ন বন্ধুদের কথা যাদের ছবি দেওয়া আছে তাদের কথা ওদেরকে বলুন। ওদেরকে বলুন যে School Banks Champs –এর অনেক বন্ধু আছে যাদের বিভিন্ন ক্ষমতা আছে যেগুলি আমরা এই কোর্স জুড়ে বিভিন্ন সময়ে শিখবো এবং আরো শিখবো যে কি করে ওরা আপনার বন্ধু হয়ে উঠবে এবং ওদের মতো চ্যাম্পস হবার জন্য আপনাকেও কীভাবে ওরা সাহায্য করবে।
4. School Bank Champs-এর মূল উদ্দেশ্য "পয়সা বাঁচাও, স্বপ্ন সাজাও" এই শ্লোগানটি বোর্ডে লিখুন এবং শিক্ষার্থীদের নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন:

a. School Bank Champs-এর মুল উদ্দেশ্য কথাটির অর্থ কি?
b. "পয়সা বাঁচাও, স্বপ্ন সাজাও" কথাটির অর্থ কি?
c. অর্থ সঞ্চয়ের মাধ্যমে কীভাবে একজন তার স্বপ্নগুলিকে গড়ে তুলতে পারে?

5. ওদেরকে ব্যাখ্যা করে বোঝান যে আমাদের পক্ষ থেকে ওদেরকে একেকজন চ্যাম্প হয়ে ওঠার এই অত্যন্ত উৎসাহজনক যাত্রার মধ্যে দিয়ে নিয়ে যাওয়া হবে। এই School Bank Champs এবং তার বন্ধুরা আমাদেরকে গাইড করবে এবং একেকজন চ্যাম্প হয়ে ওঠার জন্য আমাদের অনুপ্রেরণা হয়ে উঠবে। এই যাত্রা পথে আমরাও আমাদের জ্ঞান এবং শক্তি লাভ করবো। শিক্ষার্থীদের উৎসাহিত করতে, ওদেরকে বলুন যে School Bank Champs জনগণের মধ্যে সুখ ছড়িয়ে দেয়। ওরা জনগণের মধ্যে সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলে এবং এইভাবে সকলের মধ্যে সুখ নিয়ে আসে।
6. এই ক্লাসটি শেষ করুন শিক্ষার্থীদের School Bank Champs-এ যোগদানে উৎসাহিত করবার মাধ্যমে এবং www.schoolbankchamps.com এই ওয়েবসাইটে School Bank Champs অ্যাকাউন্ট তৈরী করবার মাধ্যমে। ঐচ্ছিকভাবে, শিক্ষক এই ক্লাসে একজন শিক্ষার্থীর অ্যাকাউন্ট কীভাবে খুলতে হয় সেটিও বর্ণনা করতে পারেন।

### উপকরণ: School Bank Champs এবং বন্ধুর গল্প

নমস্কার!! আমরা School Bank Champs। আমার নাম ক্রিশ এবং ও হলো সীমা এবং আমরা তোমার বন্ধু। আমরা তোমার মতোই সাধারণ শিক্ষার্থী যে অর্থনৈতিক বিষয় বা ব্যাঙ্ক সম্বন্ধে কোনো কিছুই বুঝি না। তারপর একদিন স্কুল থেকে বাড়ি ফেরার পথে আমরা FinanceLand থেকে আমাদের বন্ধুদের সঙ্গে সাক্ষাত করলাম। ওরা বলল যে ওরা অনেক দূর থেকে আগত এক রহস্যময় অর্থনৈতিক জগতের বাসিন্দা এবং এখানে এসেছে আমাদের বন্ধু হতে। ওরা আমাদেরকে চ্যাম্পস হয়ে উঠতে সাহায্য করবে এবং আমাদের জগতে সুখ আনতে আমাদেরকে সাহায্য করবে।

আমাদের বন্ধুরা অর্থনীতির জটিল জগত বুঝতে আমাদের সাহায্য করলো এবং অন্যান্য চ্যাম্পসদের নিয়ে একটি আলাদা কমিউনিটি গড়ে তুলতে এবং আমাদের অধিকার বুঝে নিতে আমাদেরকে সাহায্যও করেছিল। আমরা এখন একটি চ্যাম্পস কমিউনিটি হিসাবে এই বিশ্বকে পরিবর্তন করতে আমরা একসাথে কাজ করছি।

## 2. চাহিদা এবং প্রয়োজনীয়তা

### উদ্দেশ্য

এই লেসনের সমাপ্তিতে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবেন:

e) চাহিদা ও প্রয়োজনীয়তার মধ্যে পার্থক্য বোঝা
f) চাহিদা ও প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে সনাক্ত করুন সঞ্চয়ের লক্ষ্যগুলি

### নির্দেশাবলি

7. শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন: চাহিদা ও প্রয়োজনীয়তার মধ্যে পার্থক্য কি?
8. এখন ওদের সামনে ব্যাখ্যা করুন যে কোন বিষয়টিকে তারা চাহিদা এবং কোন বিষয়টিকে তারা প্রয়োজনীয়তা বলতে বুঝছে সেটির জন্য ভোটিং করতে তারা কেউ উঠে দাঁড়িয়ে এবং কেউ বসে থাকুন। ওদেরকে বলুন যে আপনি এখন ওদের সামনে কতগুলি জিনিসের নাম পড়ে শোনাবেন যেগুলি বাচ্চারা নিজেদের জন্য নিজেরাই কিনে নিতে পারে এবং যদি তারা জিনিসটিকে ***চাহিদা*** মনে করে তাহলে উঠে দাঁড়াবে এবং ***প্রয়োজনীয়তা*** মনে করলে বসে পড়বে।
9. নিম্নলিখিত জিনিসগুলি এক এক করে পড়ুন। শিক্ষার্থীদের যখন উত্তর দেওয়া হয়ে যাবে তখন ওদের মধ্যে কাউকে তার কারণগুলি ব্যাখ্যা করতে বলুন
   - স্কুলের টিফিনের জন্য স্ন্যাক্স এবং ড্রিঙ্কস
   - আলুর চিপস
   - বোতলজাত জল
   - স্কুলের জন্য নোটবুক
   - পেন বা পেনসিল
   - সৌখিন বিভিন্ন রঙয়ের পেন
   - স্কুলে যাওয়ার জন্য নতুন বাইক
10. গোটা ক্লাসের জন্য, বোর্ডে সমস্ত জিনিসগুলির জন্য একটা তালিকা তৈরী করুন যেগুলির জন্য শিক্ষার্থীরা সঞ্চয় করতে চায়। এই জিনিসগুলির মধ্যে চাহিদা এবং প্রয়োজনীয়তা দুটোই থাকবে।
11. শিক্ষার্থীদের জোড়া জোড়া করে গ্রুপ তৈরী করুন এবং তালিকাভুক্ত জিনিসগুলির একেকটি নির্বাচন করে জানতে চান যে সেটি কেনবার জন্য তারা কিভাবে সঞ্চয় করতে চায়।
12. শিক্ষার্থীদের কাছে জানতে চান যে যখন তারা পরিকল্পনা করবে তখন তারা যেন ***SMART*** এটি মনে রাখে। এর অর্থ হলো তাদের পরিকল্পনাটি হলো:
   - স্পেশিফিক (S): আপনি কি বোঝাতে চাইছেন সেটি যেন সকলের কাছে পরিস্কার হয় এবং এটি যেন ব্যাপকতর কিছু না হয় (যেমন এটা এমন হতে পারে যে 'আমি গণিতে আমার গড় মান বাড়াতে চাই', বা 'স্কুলে ভালো করবো না')
   - মেসারেবল (M): আপনি সিদ্ধান্ত নিতে পারেন যে যদি এটি সাধারণভাবে 'হ্যাঁ', 'না' বা অন্য কোনো মেসারমেন্ট যেমন ক্লাসে একটি গ্রেড পাওয়া ইত্যাদির মাধ্যমে সফল হতে পারে।
   - অ্যাকশন অরিয়েন্টেড (A): আপনাকে (বা অন্যদেরকে) কি করতে হবে এটা একদম পরিস্কার।
   - রিয়্যালিস্টিক (R): আপনার সময় এবং সম্পদ অনুযায়ী এটি করা যেতে পারে।
   - টাইম-বাউন্ড (T): প্রতিটি কাজ কখন কখন করতে হবে এনিয়ে আপনার একটি শিডিউল থাকবে।
13. এরপর প্রতিটি জোড়া তাদের লক্ষ্যমাত্রায় কীভাবে পৌঁছাবে তার জন্য নির্দিষ্ট পরিকল্পনা তৈরী করবে। তারপর শিক্ষার্থীরা তাদের সেই পরিকল্পনাগুলি অবশিষ্ট ক্লাসের সামনে উপস্থাপন করবে।

## 3. <u>অর্থ সঞ্চয়</u>

### উদ্দেশ্য

এই লেসনের সমাপ্তিতে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) ওদের কমিউনিটিতে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানগুলি সনাক্ত করতে সমর্থ হবে

b) উপলব্ধ আর্থিক প্রতিষ্ঠানগুলিকে ব্যবহার করে কিভাবে সঞ্চয় করতে হয় সেটি বুঝে নেওয়া

**নির্দেশাবলি**

1. জনগণ যেখানে যেখানে অর্থ সঞ্চয় করে সম্ভাব্য সেই জায়গাগুলি পরস্পরের সঙ্গে শেয়ার করে নেওয়ার জন্য শিক্ষার্থীদের বলুন এবং একজন স্বেচ্ছাসেবককে তাদের সেই পরিকল্পনাগুলি বোর্ডে লিখে ফেলতে বলুন।
2. শিক্ষার্থীদের নিয়ে পাঁচটি বা সাতটি গ্রুপ তৈরী করুন এবং নিম্নলিখিত প্রশ্নগুলি তাদের গ্রুপে আলোচনা করতে বলুন–
   - আমাদের কমিউনিটিতে লোকেরা অধিকাংশ সঞ্চয় কোথায় করে থাকে?
   - আপনি কোথায় সঞ্চয় করতে পছন্দ করবেন?
3. এরপর KWL Chart (নীচে উল্লেখিত) টি বোর্ডে আঁকুন:

| আর্থিক প্রতিষ্ঠানগুলি কি জন্য সেই সম্পর্কে: | নো ( *Know*) / জানা<br>*আমরা ইতিমধ্যেই কি কি জেনেছি* | ওয়ান্ট/চাহিদা<br>*আমাদের কি শেখার প্রয়োজন* | লার্ণ/শেখা<br>*আমরা আজ কি কি শিখেছি* |
|---|---|---|---|
| সঞ্চয় করা | | | |
| ধার নেওয়া | | | |

4. শিক্ষার্থীদের কাছে জানতে চান যে ইতিমধ্যে তারা আর্থিক প্রতিষ্ঠান সম্বন্ধে কিছু জানে কিনা, এবং একজন স্বেচ্ছাসেবককে নির্বাচন করুন যিনি সংশ্লিষ্ট সারির নো (*Know*) কলামে সেই উত্তরগুলি লিখবে
5. এরপর সংশ্লিষ্ট সারির নো (*Know*) কলামে শিক্ষার্থীরা আর্থিক প্রতিষ্ঠান সম্বন্ধে কি শিখতে চায় সেই বিষয়গুলি জিজ্ঞাসা করার পরে উত্তরগুলি লিখুন। ওদেরকে মনে করিয়ে দিন যে এই চার্টে আবার তারা ফিরে আসবে এবং কর্মকান্ডের পরে চূড়ান্ত কলামটি পূরণ করবে।
6. ওদের গ্রুপগুলির মধ্যে শিক্ষার্থীদের নিম্নলিখিত প্রশ্নগুলি আলোচনা করবার জন্য জিজ্ঞাসা করুন। ওদের আলোচনা শেষ হয়ে যাবার পরে প্রতিটি গ্রুপ থেকে একজন করে ব্যক্তিকে দাঁড় করিয়ে তাদের ভাবনাচিন্তাগুলি ক্লাসের অবশিষ্ট সকলের সঙ্গে শেয়ার করতে বলুন।
   - কি ধরণের আর্থিক প্রতিষ্ঠান থেকে আপনি অর্থ সঞ্চয় করতে পারেন এবং অর্থ ধার নিতে পারেন? ধার নেওয়ার জন্য প্রথাভিত্তিক এবং প্রথাবিহীন সমস্তধরণের প্রতিষ্ঠান বা অবস্থানগুলিকে এতে অন্তর্ভুক্ত করুন।
   - কোন প্রকারের আর্থিক প্রতিষ্ঠানগুলি সচরাচর দেখতে পাওয়া যায়/উপলব্ধ?
   - ওদের কমিউনিটিতে কি কোনো আর্থিক প্রতিষ্ঠান আছে? সেগুলি কি কি?
   - একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে আপনি কীভাবে অর্থ ধার করবেন?
   - ঋণ নেওয়া কি?
   - আর্থিক প্রতিষ্ঠানের কোনো ব্যক্তির সঙ্গে আপনি কীভাবে সম্পর্ক/সংযোগ তৈরী করবেন বা ওকে কোনো প্রস্তাব দেবেন? এটা কি দুর্নীতি?
   - দুর্নীতি কি?
   - দুর্নীতি এবং সহায়তার মধ্যে পার্থক্য কি?
7. অবশেষে, গ্রুপগুলি কি KWL Chart –এর চূড়ান্ত কলামটি তাদের আলোচনার শেষে যা শিখেছিল সেগুলি লিখে পূরণ করেছে?

৪. ক্লাসটি শেষ করুন নিম্নলিখিত গানটি শিখে এবং গাওয়ার মধ্য দিয়ে:

পিং-পং, পিং-পং, একে একে সবাই আসুন
আসুন অর্থ সঞ্চয় করি, আসুন বল খেলি
অর্থ থেকেই অর্থ আসে, কখনই পিছিয়ে পড়বেন না
ক্ষুদ্র থেকেই বৃহৎ হয়, এটা আপনি নিজে নিজেই খুঁজে পাবেন!
School Bank সঙ্গীতে, আমরা নাচবো এবং গাইবো
আমরা খেলবো এবং খেলতে খেলতে প্রচুর জিনিস শিখবো!
নতুন ভাবনা ও নতুন পরিকল্পনা করা আমরা শিখবো এবং সেগুলি করবো
আমরা অর্থ সঞ্চয় করবো, জল সঞ্চয় করবো, সময় বাঁচাবো এবং এটাই সত্য ঘটনা!
চলুন এই বিশ্বের ব্যবসা আমরা জেনে নিই,
এবং আমাদের ভাবনা মগজে এটিকে স্টোর করে রাখি
এরপর আমাদের জ্ঞান আমাদের ব্যাঙ্কে সেভ করে রাখি!
ব্যাঙ্ক হলো সকলের
প্রতিটা স্কুলই এক হয়ে উঠবে!

9. ফাইনান্সিয়াল অ্যাকাউন্ট কত প্রকারের, সেগুলির সুবিধাবলি কি কি, ব্যাঙ্কিং সংক্রান্ত গুরুত্বপূর্ণ শব্দাবলি, এবং কখন ব্যাঙ্কে যেতে হয় সেই প্রশ্ন করার বিষয়ে নীচে দেওয়া তথ্যাবলি শেয়ার করার মাধ্যমে ক্লাসটি শেষ করুন।

**উপকরণ: ব্যাঙ্কিং সংক্রান্ত তথ্যাবলির প্রকার**

কত প্রকারের অ্যাকাউন্ট

কারেন্ট অ্যাকাউন্ট: কিছু কিছু মানুষের ব্যবসা আছে বা দোকান আছে। তাদেরকে প্রায়শই টাকা জমা করতে হয় বা তুলতে হয়। এইধরণের অ্যাকাউন্টগুলিকে কারেন্ট অ্যাকাউন্ট বলে। এই অ্যাকাউন্টে যে অর্থ জমা থাকে তার থেকে কোনো সুদ পাওয়া যায় না। কিন্তু অ্যাকাউন্ট হোল্ডারগণ দিনে অনেকবার এই অ্যাকাউন্টে টাকা জমা দিতে পারেন বা এর থেকে টাকা তুলতে পারেন।

সেভিংস অ্যাকাউন্ট: অধিকাংশ লোকই সাধারণভাবে মাত্র কয়েকবারই টাকা জমা করেন বা টাকা তোলেন। এই অ্যাকাউন্ট যে টাকা জমা থাকে তার থেকে সুদ পাওয়া যায়। এইধরণের অ্যাকাউন্টগুলিকে সেভিংস অ্যাকাউন্ট বলে। এই অ্যাকাউন্টগুলিতে অনেকবার টাকা জমা দেওয়া যেতে পারে কিন্তু এইধরণের অ্যাকাউন্টগুলি থেকে সপ্তাহে কতবার অর্থ আপনি তুলতে পারেন তার জন্য নির্দিষ্ট একটা নিয়মনীতি আছে।

ফিক্সড ডিপোজিট অ্যাকাউন্ট: কেউ কেউ একটি নির্দিষ্ট সময়কালের জন্য অর্থ জমা করে রাখেন যেমন 1 বছর বা 2 বছর। এগুলিকে ফিক্সড ডিপোজিট অ্যাকাউন্ট বলে। যে সময়কালের জন্য এই টাকা জমা করা হয়েছে তার সময় অতিক্রান্ত না হওয়া পর্যন্ত অ্যাকাউন্ট হোল্ডার এই টাকা ব্যয় করতে পারেন না। যদি খুব প্রয়োজন হয়ে পড়ে, তাহলে ফিক্সড ডিপোজিট অ্যাকাউন্টটি ভেঙ্গে দেওয়া হয় ও তারপরে ঐ অর্থ ব্যবহার করা যেতে পারে এবং যে পরিমাণ সুদ হওয়ার কথা ছিল তার থেকে কমে যায়। যদি অর্থ নির্দিষ্ট সময়কালের পরে নেওয়া হয় সেক্ষেত্রে সুদ অনেক বেশী পাওয়া যায়।

রেকারিং ডিপোজিট অ্যাকাউন্ট: কেউ কেউ সিদ্ধান্ত নেন যে তারা একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রতিমাসে নিয়মিতভাবে জমা করবেন 2 বছর বা 3 বছর সময়কালে জন্য এবং এই অর্থ তারা তুলে নেবেন না। উদাহরণস্বরূপ, কেউ হয়ত প্রতিমাসে 500 টাকা করে 3 বছর টাকা জমা করলো। কিন্তু অ্যাকাউন্ট হোল্ডার যে সময়কালের জন্য এই অর্থ জমা করবেন বলেছেন তার আগে এই জমা অর্থ কোনোভাবেই ব্যবহার করতে পারবেন না। যদি খুব প্রয়োজন হয়, তাহলে ফিক্সড ডিপোজিট অ্যাকাউন্টটি ভেঙ্গে দেওয়া হয় ও তারপরে ঐ অর্থ ব্যবহার করা যেতে পারে এবং যে পরিমাণ সুদ হওয়ার কথা ছিল তার থেকে কমে যায়। যদি অর্থ নির্দিষ্ট সময়কালের পরে নেওয়া হয় সেক্ষেত্রে সুদ অনেক বেশী পাওয়া যায়। এই ধরণের অ্যাকাউন্টকে রেকারিং ডিপোজিট অ্যাকাউন্ট বলে।

## একটি অ্যাকাউন্ট খোলা এবং সেটি ব্যবহার করার সুবিধাবলি

নিরাপত্তা: অর্থ বাড়িতে আপনি একটা বাক্সে রাখতে পারেন, তোষকের নীচে রাখতে পারেন বা এমনকি পার্সেও রাখতে পারেন কিন্তু তা চুরি হয়ে যেতে পারে। বন্যা ইত্যাদির মতো প্রাকৃতিক বিপর্যয়ের সময়ে এই অর্থ হারিয়ে যেতে পারে কিন্তু ব্যাঙ্কে রাখলে সেটি সুরক্ষিত থাকবে। যেহেতু ব্যাঙ্ক আমাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টগুলিকে বিমা করিয়ে রাখে এবং ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে সহযোগিতা পেয়ে থাকে, তাই আমাদের অর্থ সুরক্ষিত থাকে।

বৃদ্ধি: ব্যাঙ্ক অ্যাকাউন্টে রাখা অর্থের উপর আমার সুদ পেয়ে থাকি যা আমাদের অর্থের বৃদ্ধি ঘটায়। বাড়িতে অর্থ রাখা হলে তার বৃদ্ধি ঘটে না। একইভাবে ব্যবসা বা অন্যান্য ট্রেডিংয়ে অর্থ লগ্নি করলে তার থেকে নিশ্চিত বৃদ্ধির গ্যারান্টি পাওয়া যায় না।

ঋণ: আমাদের সেভিংস, ফিক্সড ডিপোজিট বা রেকারিং ডিপোজিটের উপর ভিত্তি করে ব্যাঙ্ক আমাদের ঋণ দিতে পারে আমাদের বাড়ি কেনা বা শিক্ষার প্রয়োজনে। অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলিও আমাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে থাকা সেভিংসের উপর ভিত্তি করে ঋণ দিতে পারে।

## ব্যাঙ্কিং বিষয়ক গুরুত্বপূর্ণ শব্দাবলি

উইথড্রয়াল: এটি হলো সেই অর্থ যা আপনি আপনার অ্যাকাউন্ট থেকে বের করেছেন কোনো কিছু পেমেন্ট করবার জন্য। এটিকে ডেবিটও বলে থাকে।

ডিপোজিট: এটি হলো সেই পরিমাণ অর্থ যা আপনি আপনার অ্যাকাউন্টে যোগ করছেন। এটিকে ক্রেডিটও বলে থাকে।

ব্যালান্স: এটি হলো সেই পরিমাণ অর্থ যা আপনি আপনার অ্যাকাউন্টে বর্তমানে পাচ্ছেন। আপনি যখন আপনার ব্যালান্স গণনা করছেন তার পরিমাণ হলো আপনি যত জমা করেছেন তার থেকে মোট যে পরিমাণ অর্থ উইথড্র করেছেন তা বিয়োগ করার পরে থাকা বিয়োগফল।

সুদ: সুদ হলো একটি শতকরা হার যা আপনি যে পরিমাণ অর্থ জমা রেখেছেন বা ধার নিয়েছেন তার উপর ভিত্তি করে হওয়া বৃদ্ধি, যেমন বছরে 4 শতাংশ সুদ। এর অর্থ হলো আপনি যদি আপনার অ্যাকাউন্টে 1000

টাকা জমা রাখেন তাহলে ব্যাঙ্কের কাছ থেকে আপনি 40 টাকা বাড়তি পাবেন অর্থাৎ আপনার টাকার পরিমাণ হবে 1040 টাকা।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এবং ভারতীয় ব্যাঙ্কিং অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে সারা ভারতবর্ষ জুড়ে যুব সমাজ যাতে অ্যাকাউন্ট খোলে তার জন্য উদ্যোগ নিচ্ছে। আপনার স্কুলকেও একটি ব্যাঙ্কের শাখার সঙ্গে জুড়ে দেওয়া হবে এবং তাদের পক্ষ থেকে আপনার শিক্ষার্থীদের তাদের অ্যাকাউন্ট খোলার ক্ষেত্রে সাহায্য করা হবে। অ্যাকাউন্টের বৈশিষ্ট্যগুলি নীচে উল্লেখিত হলো:

- দশ বছর বয়সী যেকোন কেউ ব্যক্তিগতভাবে তার নিজস্ব অ্যাকাউন্ট খুলতে পারে। এই অ্যাকাউন্টটি খোলা হবে অপ্রাপ্তবয়স্কের নামে কিন্তু তাতে তার স্বাভাবিক অভিভাবকের নাম থাকবে।
- জিরো ব্যালেন্স দিয়েও অ্যাকাউন্ট খোলা যাবে।
- ন্যূনতম ব্যালেন্স না রাখার জন্য কোনো সার্ভিস চার্জ কাটা যাবে না।
- 50টি (পঞ্চাশ) উইথড্রয়াল বিনামুল্যে প্রতি বছরে করা যাবে।
- বিনামূল্যে প্রতিবছর একটি করে চেকবই দেওয়া হবে।
- অ্যাকউন্টে মোট ব্যালেন্স যেন কখনই 2,00,000 টাকা অতিক্রম না করে।
- সূচনাপর্বে সরলীকৃত কেওয়াইসি প্রক্রিয়া প্রযোজ্য হবে। ব্যাঙ্কের চালু কোনো ক্লায়েন্ট যিনি কেওয়াইসি শর্তাবলি পূরণ করেছেন তিনি এই ক্রেতার সনাক্তকরণ এবং তার ঠিকানা শংসিত করতে পারেন।
- সেভিং ব্যাঙ্কের সুদের হার অনুযায়ী 4 শতাংশ হারে সুদ পাবেন।
- যেকোন ব্যাঙ্কের যেকোন ব্রাঞ্চে অ্যাকাউন্ট খোলা যেতে পারে

## 4. আমার অ্যাকাউন্ট

**উদ্দেশ্য:**

এই লেসনের শেষে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) তাদের নিজেদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে পারবে।

**নির্দেশাবলি**

1. বাচ্চাদের কাছে আজকের বিষয়টি ব্যাখ্যা করে শোনান যে আজ তারা কীভাবে একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে হয় সেটি শিখতে যাচ্ছে। অবশ্য, আপনি যিনি শিক্ষক তিনি আজ ওদেরকে শেখাবেন না। আজ ওরা একে অপরকে শেখাবে।
2. গোটা ক্লাসটিতে সাতটি ভাগে ভাগ করুন এবং ওদেরকে একসাথে বসান। নীচে যেসকল উপাদান দেওয়া আছে তার থেকে এক নং স্লিপ প্রতিটি গ্রুপকে একটি করে দিন। এরপর দ্বিতীয় গ্রুপকে দুই নং স্লিপ দুটো করে দিন। তারপর তৃতীয় গ্রুপে যতজন আছে সকলকে তিন স্লিপ একটি করে দিন।
3. এরপর প্রতিটি গ্রুপকে বলুন যে এখন থেকে ওরা প্রত্যেকে পাঁচ মিনিট করে সময় পাবে যার মধ্যে তাদেরকে ঐ স্লিপে উল্লেখিত তথ্যাবলি পড়ে বুঝে নিতে হবে। যদি ওদের কোনো প্রশ্ন থাকে, তাহলে ওদেরকে ওদের গ্রুপেরই কাউকে জিজ্ঞাসা করে নিতে হবে। প্রতিটি গ্রুপ যেন একসাথে কাজ করে। ওদের কাজ হবে প্রত্যেকে প্রত্যেককে সাহায্য করা যাতে স্লিপে দেওয়া তথ্যাবলি সকলে বুঝে নিয়ে একে অপরের সাথে শেয়ার করে নিতে পারেন।

4. পাঁচ মিনিট পরে, গ্রুপগুলিকে ভেঙ্গে আবার নতুন দল তৈরী করুন। প্রতিটি নতুন দল যেন এমন হয় যেখানে এক নং স্লিপ নেওয়া একজন, দু নং স্লিপ নেওয়া একজন, তিন নং স্লিপ নেওয়া একজন, এমন কেউ যার হাতে চার নং স্লিপ আছে, পাঁচ নং স্লিপ থাকা একজন ব্যক্তি, ছয় নং স্লিপ থাকা অন্য একজন ব্যক্তি এবং সাত নম্বর স্লিপ নেওয়া আরেকজন ব্যক্তি দলে থাকে। এখন প্রতিটি দলের নামকরণ করুন যেমন লাল দল, নীল দল, ইত্যাদি
5. এরপর শিক্ষার্থীদের বলুন তারা পনেরো মিনিট করে সময় পাবে দল হিসাবে কাজ করার জন্য। এরপর প্রতিবারে টিমের একেকজন তার টিমে থাকা অন্যদেরকে তার হাতের স্লিপের তথ্যাবলি পড়ে বুঝিয়ে দেবে। সুতরাং যার হাতে এক নং স্লিপ আছে তিনি শুরু করবেন। তিনি তার স্লিপে যা যা তথ্যাবলি আছে সেগুলি সবার সঙ্গে শেয়ার করবেন। গ্রুপের অন্য ছয়জন তখন এটি শুনবে এবং শিখবে। ওরা যদি মনে করে কিছু লিখে নিতে হবে লিখে নেবে। এরপর দু নং স্লিপ হাতে নেওয়া শিক্ষক তার গ্রুপের অন্যদের তার স্লিপের তথ্যাবলি বোঝাবে। এইভাবে চলতে থাকবে। অবশেষে, শিক্ষার্থীদের কাছে ব্যাখ্যা করুন যে এই অনুশীলনের শেষে আপনি প্রতিটি স্লিপ সংগ্রহ করে নেবেন এবং প্রতিটি টিমের একটি পরীক্ষা নিন। সুতরাং টিমের সদস্যদের একসাথে কাজ করতে হবে।
6. পনেরো মিনিট পরে সমস্ত স্লিপগুলি সংগ্রহ করুন।
7. এরপর শিক্ষার্থীদের বলুন যে তারা মাত্র দশ মিনিট সময় পাবে যার মধ্যে তাদেরকে এই নোটগুলি পড়ে নিয়ে পরীক্ষার জন্য তৈরী হতে হবে।
8. দশ মিনিট পরে, শিক্ষার্থীদের বলুন যে নোটসগুলি সরিয়ে রাখতে এবং পরীক্ষা দিতে বলুন। ওদেরকে বলুন যে আপনি দেখতে চাইছেন কোন টিম সর্বোচ্চ নম্বর পায়।

**উপকরণ: একটি অ্যাকাউন্ট খোলার বিভিন্ন ধাপগুলি (স্লিপ 1 থেকে স্লিপ 7)**

1. আপনি ভাবুন যে আপনি আপনার টাকা নিয়ে কি করবেন। আপনার বয়স যদি দশ বছর বা তার বেশী হয় তাহলেই আপনি একটা ব্যাঙ্ক অ্যাকাউন্ট করতে পারবেন। বিভিন্ন প্রকারের ব্যাঙ্ক অ্যাকাউন্ট আছে। কয়েকটি হলো আপনি কিছু টাকা রেখে দিয়ে সেটি এই অবস্থায় দীর্ঘসময় রেখে দিচ্ছেন যাতে কোনো কিছুর জন্য আপনার অর্থ সঞ্চয় হয়। আপনি কি কিছু মনে করতে পারছেন যার জন্য আপনি অর্থ সঞ্চয় করতে চাইছেন? অন্যটি হলো আপনি একটি নিরাপদ স্থানের কথা চিন্তা করছেন যেখানে আপনি আপনার অর্থ রাখতে পারেন কিন্তু আপনার পছন্দ মতো সময়ে আপনি সেখান থেকে অর্থ তুলে নিতে পারবেন। আপনি কোনটি করতে পছন্দ করবেন?

2. ব্যাঙ্কে আসুন এবং যিনি ব্যাঙ্কে কাজ করছেন এমন কারোর সঙ্গে কথা বলুন। ব্যাঙ্কের একজন অফিসার আপনার বিদ্যালয়ে আসবেন এবং তিনি যদি জানতে চান আপনি কি ধরণের অ্যাকাউন্ট করতে চান তাহলে আপনার উচিত হবে আপনার মা বা বাবা বা আপনার দেখাশোনা করেন যে ব্যক্তি তার সঙ্গে আপনার উচিত হবে কাছাকাছি কোনো ব্যাঙ্কে গিয়ে উপস্থিত হওয়া। ব্যাঙ্কের অফিসারের সঙ্গে কথা বলুন এবং বলুন যে আপনি একটি অ্যাকাউন্ট খুলতে চাইছেন। লজ্জা পাবেন না – ওরা ওখানে আপনাদেরকে সাহায্য করার জন্যই রয়েছেন। ব্যাঙ্ক অফিসার আপনাকে একটি ফর্ম দেবেন পূরণ করার জন্য। কিছু ব্যাঙ্ক আবার সরাসরি স্কুলে গিয়ে উপস্থিত হবে যাতে বিষয়টি সহজতর হয়!

3. ফর্ম পূরণ করা। ফর্মে যা কিছু দেওয়া আছে সেগুলি পূরণ করুন। ওরা আপনার নাম ও ঠিকানা জানতে চাইবে। আপনাকে আপনার নাম স্বাক্ষর করতে হবে। ব্যাঙ্কের পক্ষ থেকে আপনাকে আপনার ফটোগ্রাফ দিতে বলা হবে। মনে রাখবেন হাসি হাসি মুখের ফটো দেবেন!

4. ফর্মটি ব্যাঙ্ককে ফিরিয়ে দিন। ফর্মে দেওয়া প্রতিটি প্রশ্নের উত্তর যখন আপনার দেওয়া হয়ে যাবে তখন আপনি ফর্মটি ব্যাঙ্ককে ফিরিয়ে দিন। ওরা আপনার উত্তরগুলি পড়ে দেখবে। ব্যাঙ্ক খুব সতর্কতার সঙ্গে যাচাই করে দেখে নেবে যে কার সঙ্গে ব্যাঙ্ক লেনদেন করবে। কখনও কখনও আপনার বিদ্যালয়ের প্রিন্সিপালের কাছ থেকে নেওয়া চিঠি যাতে তিনি আপনাকে জানেন বা চেনেন বলে সনাক্ত করেন সেটি অনেক কাজে লাগে। আপনার কি মনে হয় আপনি একটা জোগাড় করতে পারবেন? খুব সুন্দরভাবে জেনে নিন!

5. ব্যাঙ্কের কেউ একজন আপনার উত্তরগুলি পড়বেন। ব্যাঙ্কের কেউ একজন আপনার উত্তরগুলি পড়ে নিশ্চিত হবেন যে সেগুলি সঠিক আছে। চিন্তা করবেন না – এটা কোনো পরীক্ষা নয়! ব্যাঙ্ক কেবল জেনে নিতে চাইছে যে আপনি কে! আপনি যেমন একজন নতুন বন্ধু করার সময়ে জেনে নেন যে ও কে, তাই নয় কি? এরপর ব্যাঙ্ক আপনার জন্য একটা অ্যাকাউন্ট খুলে দেবে। ব্যাঙ্কের পক্ষ থেকে আপনাকে একটা পাসবই এবং চেকবই দেওয়া হতে পারে। আপনি কি উৎসাহিত!

6. কিছু টাকা রাখুন। যে মূহুর্তে ব্যাঙ্কে আপনার অ্যাকাউন্ট খোলা হয়ে যাবে তারপর থেকেই আপনি অর্থ জমা করতে পারেন। এখন থেকে আপনি অর্থ সঞ্চয় করতে শুরু করুন। আপনার ভালো হোক।

## 5. সম্পদের সঞ্চয়

**উদ্দেশ্য:**

এই পাঠক্রমের শেষে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

b) বিভিন্ন পরিকল্পনা প্রয়োগ করে শক্তির সংরক্ষণ করতে পারবে।

c) সম্পদের সংরক্ষণ থেকে কিভাবে অর্থ সঞ্চিত হতে পারে তা উপলব্ধি করতে পারবে।

**নির্দেশাবলি**

1. শিক্ষার্থীদের কাছে জানতে চান:
   - আমাদের ঘরে ফ্যান এবং আলো আমরা কেন ব্যবহার করি?
   - বিদ্যুতের প্রয়োজনীয়তা কি?
   - তোমরা কি জানো যে তোমাদের বাড়িতে প্রতি মাসে বিদ্যুতের কত বিল আসে।
   - আপনার মতে বিদ্যালয়ের জন্য বিদ্যুতের বিল কত হতে পারে? (শিক্ষার্থীদের কাছে এই খরচের একটি আন্দাজমতো কত খরচ হতে পারে তা অনুমান করতে বলুন)।
2. শিক্ষার্থীদের বলুন যে বিদ্যুৎ কখনই বিনামুল্যে পাওয়া যায় না, এবং বড়রা তাদের বাড়িতে/বিদ্যালয়ে তাদের ব্যবহৃত বিদ্যুতের ব্যবহারের জন্য অর্থ দিতে হয়।
3. এরপর, ওদেরকে ব্যাখ্যা করে বলুন যে, বিদ্যুতের অপচয় অর্থ অপচয় করার মতোই, যা কখনই ভালো ভাবনা হতে পারে না!
4. শিক্ষার্থীদের বলুন শ্রেণীকক্ষে সকলের সাথে মিশে যেতে এবং এবং অন্ততপক্ষে পাঁচজন শিক্ষার্থীকে জিজ্ঞাসা করুন যে তারা কিভাবে বিদ্যুৎ বাঁচাতে পারে।

5. শিক্ষার্থীদের একে একে জিজ্ঞাসা করুন যে তাদের ইন্টারভিউতে তারা কি কি দেখলো।

# ইউনিট 2: আমাদের ক্লাব

## 1. SchoolBank Club-এর সূচনা

### উদ্দেশ্য

এই লেসন সমাপ্ত হবার পরে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবেন:

a) বুঝতে পারবে যে School Bank Club কি

b) তাদের নিজস্ব School Bank Club তৈরী করতে পারবে এবং ঐ ক্লাবের জন্য একটা আবেদন রাখতে পারবে

### নির্দেশাবলি

1. ব্যাখ্যা করে বোঝান যে School Bank Club হলো এমন একটি স্থান যেখানে শিক্ষার্থীরা একে অপরের সঙ্গে আলোচনা করতে পারে, স্বাধীনভাবে অংশগ্রহণ করতে পারে, একে অপরকে উৎসাহ দিতে পারে অর্থ ও অন্যান্য সম্পদ সঞ্চয় করার জন্য, নতুন নতুন ভাবনা গড়ে তুলতে পারে, প্রোজেক্ট, এন্টারপ্রাইজ এবং বিভিন্ন কাজ সম্পন্ন করতে পারে। শিক্ষার্থীদের কাছে ব্যাখ্যা করুন যে School Bank Club-এর পক্ষ থেকে প্রতি বছর যেখানে Global Money Week চলাকালীন তারা সমাজ এবং অর্থনীতি বিষয়ে যা যা শিখল তার ভিত্তিতে একটি কর্মশালা অনুষ্ঠিত হবে।
2. ব্যাখ্যা করুন যে, School Bank Club-এর মতো কয়েকটি প্রতিষ্ঠান বা সংস্থাকে প্রাথমিকভাবে কতগুলি চুক্তি করতে হবে যে কিভাবে সমস্তকিছু মসৃণভাবে সম্পন্ন করা যায়, এগুলির মধ্যে অন্তর্ভুক্ত প্রতিনিধি নির্বাচন করা এবং তারা কি কি ভূমিকা পালন করবে সেই নির্দিষ্ট ভূমিকাতে রাজি করানো। ওদেরকে জানিয়ে দিন যে School Bank Champs Club-এর প্রতিনিধিদের জন্য নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত হবে:
   - প্রেসিডেন্ট: সদস্যবৃন্দ যেসকল কাজ করতে চাইছে তাদের কর্মকান্ডের বিষয়ে সমন্বয় সাধন করা

- সেক্রেটারি: ক্লাবের সভা চলাকালীন যে সকল সিদ্ধান্তগুলি নেওয়া হয় সেগুলির বিষয়ে বিস্তারিত নোট নেওয়া এবং প্রশাসনিক কাজের জন্য দায়বদ্ধ থাকা।
- অ্যাওয়ার্ডম্যানেজার: সমস্ত হিসাবপত্র রাখেন এবং বাচ্চাদের মধ্যে সপ্তাহের সেরা জমাকারীকে পুরস্কৃত করেন।

3. শিক্ষার্থীদের জানিয়ে দিন যে একটি School Bank Club শুরু করতে, এটা তাদের পক্ষে ভেবে নেওয়া গুরুত্বপূর্ণ যে ওরা ওদের ক্লাব নিয়ে কী করবে, এবং তারা এমন কতকগুলি বিষয় জানাবে যেগুলির মাধ্যমে প্রতিটি জিনিস মসৃণ হয়। শিক্ষার্থীদের মধ্যে দিয়ে আলোচনা করান যে কীভাবে School Bank Club সংগঠিত হবে, নিম্নলিখিত প্রশ্নাবলিকে একটি গাইড হিসাবে ব্যবহার করা যেতে পারে:
   - তোমাদের স্কুল বা কমিউনিটিকে প্রভাবিত করতে পারে এমন School Bank Club গড়ে তুলতে তোমরা কি করতে চাও/ তোমাদের বক্তব্য কি?
   - তোমাদের স্কুল বা কমিউনিটিতে ক্লাবের কীধরণের কর্মকান্ড তোমরা করাতে চাও?
   - তোমরা কি চাও ক্লাবের প্রতিনিধি থাকুক? ওরা কীভাবে নির্বাচিত হবে?
   - তোমাদের ক্লাবে একটি দল হিসাবে কি তোমরা নিজেদেরকে সেভ করতে চাও?
   - তুমি তোমার School Bank Club-এর কি নাম দেবে?
   - তোমরা কখন দেখা করবে? কোন সময়ে? কতক্ষণ থাকবে?
   - কে তোমাদেরকে যোগদানের জন্য অনুমতি দেবে এবং কীভাবে?
   - তুমি তোমার মিটিংগুলিকে কীভাবে সংগঠিত করবে?
   - সিদ্ধান্তগুলি কিভাবে নেওয়া হবে?
   - ক্লাবের সদস্যদের মধ্যে মতপার্থক্য হলে আপনি কি করবেন?
   - আপনি কোন নীতি বা মূল্যবোধ আপনার প্রতিটি সদস্যদের মধ্যে শেয়ার করে নিতে চাইবেন?
4. এরপর শিক্ষার্থীরা চূড়ান্ত সিদ্ধান্তগুলি লিখে ফেলবে এবং নিরাপদ জায়গায় তার প্রতিলিপি রেখে দেবে।
5. উল্লেখ করবেন যে অধিকাংশ School Bank Club-এর একটি নির্দিষ্ট আবেদন আছে। এই আবেদনগুলির মধ্যে কতগুলি বিষয় অন্তর্ভুক্ত এবং কতগুলি নীতি যেগুলি তাদেরকে তাদের কর্মকান্ড একসাথে করবার জন্য উৎসাহিত করে তুলবে।
6. নিম্নলিখিত উদাহরণটি শিক্ষার্থীদেরকে পড়ে শোনান এবং তারপর শিক্ষার্থীদের তাদের নিজস্ব School Bank Club-এ আবেদনটি লিখে ফেলতে বলুন।

আমরা দৃঢ়তার সঙ্গে বিশ্বাস করি যে:
আমরা সকলেই অদ্বিতীয় এবং বিশেষ

আমরা প্রতিশ্রুতিবদ্ধ:
আমাদের চুক্তির প্রতি শ্রদ্ধা জানাতে
আমাদের ক্লাবের দায়দায়িত্ব পূরণ করতে
আমরা যখন একমত হবো না তখন অন্যদের প্রতি শ্রদ্ধা জানাবো
ক্লাবের সিদ্ধান্ত মেনে চলবো।

আমরা:
প্রতি সপ্তাহে বৃহস্পতিবার মিলিত হবো
আমাদের ক্লাব বোর্ডকে সাহায্য করবো
প্রতি সপ্তাহে আমাদের অ্যাকাউন্টে কিছু অর্থ জমা করবো
আমাদের স্কুল এবং কমিউনিটির উন্নতি ঘটাতে সোশ্যাল এন্টারপ্রাইজ পালন করবো

একসঙ্গে সকলে মজা করবো!

## 2. <u>হেলদি ফ্রেন্ডশিপ</u>

**উদ্দেশ্য**

এই লেসনের সমাপ্তিতে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবেন:

a) হেলদি এবং আনহেলদি সম্পর্কগুলির মধ্যে পার্থক্য রচনা করা

b) তাদেরই ভালো বন্ধু হয়ে ওঠা যাদের সঙ্গে আলাপ আলোচনা চলে

**নির্দেশাবলি**

1) নিম্নলিখিত দৃশ্যপটটি পড়ুন যেখানে একজন যুবক যিনি ক্লাসে এক শক্ত চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছেন এবং এবং ওদেরকে এমনভাবে পরামর্শ দিতে বললেন যাতে মনে হয় যেন তারা একজন বন্ধুর সঙ্গে কথা বলছে।

*জোসেফ এবং আব্রাহাম দুজনেরই বয়স 12 বছর এবং যতদিন তাদের জ্ঞান হয়েছে ততদিন থেকেই তারা পরস্পরের বন্ধু। পরে, আব্রাহাম অন্যদলের ছেলেদের সঙ্গে বন্ধুত্ব করলো যারা ধূমপান করে এবং অন্যদেরকে নিয়ে মজা করে। জোসেফ আব্রাহামের খুব ঘনিষ্ট থাকতে চায় এবং ওদের মধ্যেকার বন্ধুত্ব নষ্ট হতে দিতে চায় না, কিন্তু জোসেফ আব্রাহামের এই বন্ধুদেরকে পছন্দ করে না। এক্ষেত্রে আপনি জোসেফকে কি পরামর্শ দেবেন?*

2) গোটা ক্লাসে আলোচনা করুন যে কিছু কিছু বন্ধুত্ব স্বাস্থ্যকর এবং কিছু কিছু বন্ধুত্ব অস্বাস্থ্যকর। কোনো কোনো বন্ধুত্ব আমাদেরকে শক্তিশালী, সুখী এবং স্বাস্থ্যবান করে তোলে আবার অন্যদিকে কিছু কিছু আমাদেরকে দুঃখিত, চিন্তান্বিত এবং বাজে স্বভাব শেখায়।

3) এখন শিক্ষার্থীদের বলুন পাঁচ থেকে সাত জন করে নিয়ে একেকটি গ্রুপ তৈরী করতে। প্রতিটি গ্রুপকে একটি করে পেন এবং পাতা দিন। ওদেরকে বলুন যে আপনি বন্ধুত্বের অনেকগুলি উদাহরণ এখন পড়বেন এবং ওদেরকে গ্রুপের মধ্যেই সিদ্ধান্ত নিতে হবে যে সেই বন্ধুত্বগুলি স্বাস্থ্যকর না অস্বাস্থ্যকর এবং প্রতিটির জন্য কারণ দেখাতে হবে।

4) নীচের উদাহরণগুলি বর্ণনা করুন বা আপনি নিজে যদি কোনো উদাহরণগুলি ভেবে থাকেন তাহলে সেগুলিও বলুন। আপনি যদি বোর্ডে প্রশ্নগুলি লিখতে পারেন তাহলে শিক্ষার্থীদের পনেরো মিনিট সময় দিন সেগুলি নিয়ে আলোচনা করার জন্য। যদি আপনি সেগুলি পড়ে দেন তাহলে প্রতিটি মন্তব্যের মধ্যে আপনি দুমিনিট করে সময় দিয়ে থামবেন যাতে প্রতিটি শিক্ষার্থী সেগুলি আলোচনা করার জন্য পর্যাপ্ত সময় পায়।

- তোমার বন্ধু তোমাকে তোমার ভালো দিকগুলি নিয়ে প্রশংসা করে
- তোমার বন্ধু চায় না যে তুমি আর অন্য কারোর সাথে বন্ধুত্ব করো।
- তুমি যখন তোমার বন্ধুর সাথে তখন তুমি তোমার সমস্ত খরচ করে ফেল।
- তোমার বন্ধু তোমাকে পরীক্ষার পড়া তৈরী করবার জন্য চাপ দেয়।
- তোমার বন্ধু তোমার বয়ফ্রেন্ড/গার্লফ্রেন্ড রাখার জন্য চাপ দেয়।
- তোমার বন্ধুর সাথে তোমার বাবামায়ের কখনও দেখা হয় নি।

- তোমার বন্ধু কেবল তার নিজের কথাই বলতে থাকে আর কখনও তোমার বিষয়ে কোনো কথা জিজ্ঞাসা করে না।
- তুমি যা বলো তোমার বন্ধু তাই করে।
- তোমার বন্ধু দোকান থেকে খাবার চুরি করে এবং সেটা তোমাকে দেয়।
- তোমার বন্ধু সর্বদা তোমার সাথে থাকে এমনকি তোমার কষ্টের দিনগুলোতেও তোমার সাথে থাকে।

5) যদি হাতে কিছুটা সময় থাকে তাহলে শিক্ষার্থীদের স্বাস্থ্যকর এবং অস্বাস্থ্যকর সম্পর্কগুলির বিভিন্ন বৈশিষ্ট্যগুলির একটি তালিকা করতে বলুন।

6) শিক্ষার্থীদের বলুন তাদেরকে তাদের নিজের নিজের গ্রুপেই থেকে যেতে। অর্ধেক গ্রুপের শিক্ষার্থীদের বলুন প্রত্যেককে স্বাস্থ্যকর বন্ধুত্বের একটা থিয়েটার ইমেজ তৈরী করতে। এবং অবশিষ্ট গ্রুপের শিক্ষার্থীদের গ্রুপের প্রতিটি গ্রুপকে অস্বাস্থ্যকর বন্ধুত্বের একটি থিয়েটার ইমেজ তৈরী করতে বলুন।

7) এই কর্মকান্ডটি হয়ে গেলে প্রশ্নাবলির একটি গাইড দেওয়া হলো।

- বন্ধু থাকা এত গুরুত্বপূর্ণ কেন?
- কি করে তোমার বন্ধুরা তোমাদেরকে প্রভাবিত করে? কীভাবে তোমাদের বন্ধুরা তোমাদেরকে নেতিবাচকভাবে প্রভাবিত করে?
- একজন বন্ধুর মধ্যে কি কি সর্বোত্তম গুরুত্বপূর্ণ গুণাবলি থাকা উচিত?
- আপনি যদি একটি অস্বাস্থ্যকর বন্ধুত্বের মধ্যে থাকেন তাহলে আপনি কি করবেন?
- তুমি কিভাবে সকলের মধ্যে একজন ভালো বন্ধু হয়ে উঠবে?

## 3. SchoolBank Champs -এর বন্ধু

**উদ্দেশ্য**

এই লেসনের সমাপ্ত হবার পরে, শিক্ষার্থীরা যা যা করতে পারবে:

- School Bank Champs-এ সকল বন্ধুদের সাথে পরিচিত হয়ে উঠবে
- ওদের প্রত্যেকে কীভাবে কাজ করে এবং অর্থনীতির বিশ্বে ওরা কীভাবে গুরুত্বপূর্ণ সেগুলি বুঝে নেওয়া।
- কখন ব্যবহার করতে হবে এবং কোনটা ব্যবহার করতে হবে।

**নির্দেশাবলি**

1. রিডিং মেটিরিয়ালে উল্লেখিত বন্ধুদের গল্পটি আপনি যখন পড়ছেন তখন বাচ্চাদেরকে সেটি শোনার জন্য বলুন।
2. পাঁচজন করে শিক্ষার্থী নিয়ে একেকটি গ্রুপ তৈরী করুন এবং 5 মিনিটের জন্য একটি করে School Bank Champs বন্ধুর কথা আলোচনা করতে দিন।
3. এরপর KWL chart দেখান এবং শিক্ষার্থীদের সেটি পূরণ করতে বলুন।

| School Bank Friends সম্পর্কে | নো/জানুন<br>আমরা ইতিমধ্যে যা জেনেছি | চাওয়া<br>আমরা কি শিখতে চাই | শেখা<br>আমরা আজ কি শিখলাম |
|---|---|---|---|
| ক্রেডিট কার্ড | | | |
| ডেবিট কার্ড | | | |
| পাস বুক | | | |
| চেক বুক | | | |
| এটিএম | | | |

4. School Bank Champs-এর বন্ধুদের বিভিন্ন বৈশিষ্ট্যগুলি ঘরের বিভিন্ন স্থানে ছড়িয়ে রাখুন
5. তিনজনের গ্রুপ করে সকলকে ভাগ করুন। ওদেরকে একটি করে কাগজ দিন এবং এটিকে পাঁচটি ভাগে ভাগ করতে বলুন যেখানে প্রত্যেকটি School Bank Champs বন্ধুর জন্য একটি করে থাকে।
6. শিক্ষার্থীদের বলুন যে ওরা এখন একটা রানিং ডিক্টেশন বিষয়ে অংশগ্রহণ করছে। ওদেরকে বুঝিয়ে বলুন যে প্রতিটি গ্রুপের একজন করে সদস্য কাগজ পেন্সিল নিয়ে বসে থাকবে এবং গ্রুপের অন্যান্য সদস্যরা গোটা শ্রেণীকক্ষ ঘুরে ঘুরে বিভিন্ন বৈশিষ্ট্যগুলির পৃষ্ঠাগুলি দেখবে। শিক্ষার্থীদের এই ঘুরে বেড়াতে বেড়াতে বৈশিষ্ট্য উল্লেখিত পৃষ্ঠায় দেখা জিনিসগুলি স্মরণ করে রাখতে হবে, তারপর গ্রুপের সদস্যের কাছে ফিরে এসে তাকে বলতে হবে এবং এইভাবে তারা কি কি দেখলো সেগুলিকে নিয়ে একটি নির্দিষ্ট কলামে তার তালিকা তৈরী হবে।
7. এরপর গ্রুপগুলিকে জিজ্ঞাসা করুন যে রানিং ডিক্টেশনের অংশ হিসাবে তারা কি কি লিখেছে সেগুলি আলোচনা করতে
8. অবশেষে সমগ্র ক্লাসকে বলুন তারা যা যা শিখল তার ভিত্তিতে চার্টটি পূরণ করতে।

**উপাদান: School Bank Champs বন্ধুগণ**

গল্প

School Bank Champs-এর বন্ধুরা ধনপুর (FinanceLand) বলে একটা জায়গায় তাদের অন্য বন্ধুবান্ধবদের নিয়ে থাকতো। ওরা আমাদের এই জগতে এসেছিল কিছু জানবার জন্য কিন্তু ওরা খুব দুঃখিত হয়েছিল যখন দেখল আমরা সম্পদ সংরক্ষণ করতে পারি না এবং আর্থিক সম্পদকে সঠিকভাবে ব্যবহার করতে পারি না। ওরা তোমার মতো স্কুলের বাচ্চাদের সঙ্গে কাজ করতে শুরু করলো যাতে তোমরা বুঝতে পারো আর্থিক সঞ্চয় কাকে বলে এবং এইভাবে একজন চ্যাম্পিয়ন হয়ে উঠতে পারো। কয়েকজন বন্ধু এবং ওদের শক্তিগুলি হলো:

ক্রেডিট কার্ড: ক্রেডিট কার্ড বহির্মুখী এবং এতে ঝুঁকি আছে। ক্রেডিটের মাধ্যমে একজন তার হাতে টাকা না থাকলেও সে টাকা পেয়ে যেতে পারে। এটি নিয়ে নাড়াচাড়া করা খুব কষ্টকর এবং এবং এটি একটি দুষ্ট বাচ্চার মতো যে অপ্রয়োজনীয়ভাবে আপনাকে কষ্টে ফেলতে পারে যদি আপনি সঠিকসময়ে আপনার করা ধার না মেটাতে পারেন। সুতরাং এই ক্রেডিট কার্ড নিয়ে বাচ্চাদের খেলা করার অনুমতি দেওয়া যায় না।

ডেবিট কার্ড: ডেবিট কার্ড একটি পাহারাদারের মতো আপনার রক্ষাকর্তা, যে আপনার অ্যাকাউন্টে টাকা ঢোকায় এবং অ্যাকাউন্ট থেকে টাকা বের করে। ডেবিট কার্ডের সাহায্যে আপনি কাউকে পেমেন্ট করতে পারেন, এটিএম থেকে পেমেন্ট নিতে পারেন।

পাসবই বা পাসবুক: পাসবুক হলো সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তি যিনি অ্যাকাউন্টের যেকোন পরিবর্তন নিজের মধ্যে স্টোর করে রাখেন। যেকোন পরিমাণ অর্থ যা জমা করা হলো বা তুলে নেওয়া হলে, পাসবই সেগুলির প্রত্যেকটির লেনদেনের রেকর্ড রাখে।

চেকবহি বা চেকবই: চেকবই অন্য কাউকে টাকা দেওয়ার জন্য দেওয়া আপনার প্রতিশ্রুতি। এর সাহায্যে আপনি কোনো কাউকে টাকা দিতে পারেন। চেকবি অনিষ্টজনক হতে পারে সেইকারণে আপনি যখন বড় হয়ে উঠবেন তখন এটি নিয়ে আপনাকে কাজ করার অনুমতি দেওয়া হবে।

এটিএমওয়াই বা এটিএম: এটি একদম বয়স্ক জেঠার মতো, মোটা, পুরু এবং ভারীক্কি চেহারার। এটিএম-এ সমস্ত টাকা থাকে এবং আপনার প্রয়োজন হলেই আপনাকে ও টাকা দেয়।

### ওয়েব উপাদান: বন্ধুদের কমিকস এবং গল্প

আপনি শিক্ষার্থীদের www.schoolbankchamps.com এই ওয়েবসাইটে যেতে বলুন এবং সেখানে এই চরিত্রগুলির বিষয়ে ওরা আরো অনেক বেশী কিছু জানতে পারবে। ওরা এই চরিত্রগুলি নিয়ে আরো অনেক বেশী বেশী কমিকস এবং গল্পবইও খুঁজে পাবে।

## 4. ব্যক্তিগত এবং অ্যাকাউন্টের নিরাপত্তা

### উদ্দেশ্য

এই লেসন সমাপ্ত হবার পরে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

- ব্যক্তিগত সুরক্ষার বিষয়টি বোঝা এবং কিভাবে তারা আগন্তুক এবং খারাপ লোকেদের কাছ থেকে নিজেদেরকে সুরক্ষিত রাখবে সেটি বুঝতে পারবে
- আর্থিক নিরাপত্তার বিষয়টি বুঝবে এবং কিভাবে তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট সুরক্ষিত রাখতে হয় সেটি বুঝবে
- কোনো সমস্যা হলে কি করতে হবে

### নির্দেশাবলি

a) বোর্ডে *নিরাপত্তা* শব্দটি লিখুন। শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন

- নিরাপত্তা শব্দটির অর্থ কি?

- এটা কি শুধুমাত্র আপনার নিরাপত্তার বিষয়ে অথবা এটি আপনার অর্থ এবং আপনার অধিকারে থাকা সবকিছুর নিরাপত্তা দেয়?
- আপনি কি এর আগে কারোর নিরাপত্তার জন্য কখনও লড়াই করেছেন?

b) এরপর শিক্ষার্থীদের প্রতি গ্রুপে ছয় থেকে দশ জন রেখে ভাগ করুন এবং ওদেরকে তিনধরণের নিরাপত্তামুলক বিভাগে ভাগ করুন: (১) ওদের ব্যক্তিগত সুরক্ষা (২) ওদের অর্থের সুরক্ষা (৩) ওদের কাছে থাকা সম্পত্তির সুরক্ষা

c) গ্রুপের সকলকে নিজেদের মধ্যে কথাবার্তা বলার জন্য দুই থেকে তিন মিনিট সময় দিন এবং ওদের একটি অধিকারের কথা ভাবুন যেটি ওদের শ্রেণীবিভাগের মধ্যে পড়ে এবং সেই অধিকার যদি সুরক্ষিত হয় বা না হয় সেক্ষেত্রে জীবন কেমন হবে।

d) প্রতিটি গ্রুপকে জানিয়ে দিন যে ওদেরকে আবার দুটি করে সাব-গ্রুপে ভাগ করা হবে কেননা ওদের মধ্যে দিয়ে দুটি চিত্র ফুটে উঠবে – একটি হলো অধিকার লঙ্ঘিত হওয়া এবং অন্যটি হলো সেটিকে সুরক্ষিত রাখা – এক্ষেত্রে ইমেজ থিয়েটার পদ্ধতি ব্যবহার করতে হবে। প্রতিটি গ্রুপকে জানিয়ে দিন যে School Banks Club-এ ওদেরকে ওদের ছবি 30 সেকেন্ড ধরে রাখতে হবে এবং সেই সময়ে বাকী ক্লাস ভাবনা চিন্তা করবে যে তারা কি করবে।

e) শিক্ষার্থীদের জানিয়ে দিন যে এই সময়ে আপনি কারোর কাঁধ ধরতে পারেন এবং জিজ্ঞাসা করতে পারেন যে ওরা এখন কি অনুভব করছে বা চিন্তা করছে কেননা তাদের উপর ন্যস্ত নিরাপত্তা লঙ্ঘিত হচ্ছে / সুরক্ষিত থাকছে, সুতরাং ওদেরকে উত্তর দেওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে। শিক্ষার্থীদের স্মরণ করিয়ে দিন যে, সেই সময় ব্যতিরেকে যখন আপনি ওদের কাছে জানতে চাইছেন যে ওরা কি অনুভব করছে/ চিন্তা করছে, তখন ওরা শুধুমাত্র দেহ ব্যবহার করে সেই চিত্র ফুটিয়ে তুলবে কোনো নড়াচড়া বা মুখের শব্দ করা যাবে না।

f) গ্রুপটিকে দশ মিনিট সময় দিন ওদের নিজেদের মতো করে ছবি ভেবে নেওয়ার জন্য তারপর সেই গ্রুপটি ক্লাসের সামনে সেটি উপস্থাপন করবে।

g) 15 সেকেন্ড পরে একজন পারফর্মারের কাঁধে হাত দিন এবং ওকে বলতে বলুন যে অংশগ্রহণকারী কি ভাবছে বা অনুভব করছে যে তাদের অধিকার লঙ্ঘিত হচ্ছে কিনা। এই একই প্রক্রিয়ায় আপনি সেই শিক্ষার্থীর কাছে জানতে চান যে অধিকার সুরক্ষিত থাকার ছবি ফুটিয়ে তুলছে।

h) প্রতি সেট ছবি সম্পূর্ণ হয়ে যাবার পরে সমগ্র ক্লাসের কাছে জানতে চান যে কি ছবি ফুটে উঠলো সেটি আন্দাজ করতে। ওরা হয়ত যারা পারফর্ম করলো প্রয়োজন হলে ওদের কাছ থেকে সহযোগিতা নিতে পারে।

i) এরপর গ্রুপগুলিকে ছোট ছোট ভাগে ভাগ করুন এবং কয়েকটি গ্রুপকে ব্যক্তিগত সুরক্ষার বিষয়টি নির্ধারণ করুন, অন্য কয়েকটি গ্রুপকে তাদের অর্থের সুরক্ষার বিষয়টি নির্ধারণ করুন এবং অন্য গ্রুপগুলিকে ওদের থাকা সম্পদের বিষয়ে সুরক্ষার বিষয়টি নির্ধারণ করুন এবং এই বিষয়গুলির উপর নিজেদেরকে আলোচনা করে নিতে বলুন। ওদেরকে বলুন বিভিন্ন অবস্থা খুঁজে নিতে যে কোথায় কোথায় নিরাপত্তা লঙ্ঘিত হয় এবং সেইসকল ক্ষেত্রে কি করা উচিত।

j) নীচে যেভাবে দেওয়া হয়েছে সেই অনুযায়ী বোর্ডে একটি চার্ট তৈরী করুন। ওদেরকে বলুন সেই সকল ক্ষেত্রগুলি বর্ণনা করতে যেখানে সমাজে জনগণের নিরাপত্তা লঙ্ঘিত হয়। এবং এগুলির সমাধান কি তাও জানতে চান। শিক্ষক এই পদ্ধতি ব্যবহার করে আলোচনা চালিয়ে নিয়ে যেতে পারে যেখানে বিষয় হতে পারে কীভাবে যৌন হয়রানি বা আর্থিক হয়রানি বন্ধ করা যায় এবং বাচ্চারা কীভাবে অর্থনৈতিক দুর্নীতি থেকে রক্ষা পেতে পারে।

| শ্রেণীবিভাগ | যেখানে সুরক্ষা বিঘ্নিত | কি করতে হবে |
|---|---|---|
| | | |

| | | |
|---|---|---|
| ব্যক্তিগত সুরক্ষা | | |
| আর্থিক সুরক্ষা | | |
| সম্পদের সুরক্ষা | | |

উদাহরণ

| শ্রেণীবিভাগ | যেখানে সুরক্ষা সমস্যায় পড়েছে | কি করতে হবে |
|---|---|---|
| ব্যক্তিগত সুরক্ষা | কেউ আপনাকে ইচ্ছা করে স্পর্শ করছে | বাবামাকে জানাতে হবে |
| আর্থিক সুরক্ষা | কেউ আপনাকে আপনার ডেবিট কার্ডের পিন নম্বর জানতে চাইছে | কখনই পিন নম্বর দেবেন না |
| সম্পদের সুক্ষা | কেউ একজন জোর করে আপনার সম্পদ কেড়ে নিচ্ছে | কাছাকাছি থাকা পুলিস বা বাবামা বা শিক্ষকদের জানিয়ে দাও |

ওয়েব উপকরণ: সুরক্ষার জন্য উপকরণগুলি পড়া

আপনি শিক্ষার্থীদের www.schoolbankchamps.com এই ওয়েবসাইটে যেতে বলতে পারেন এবং সেখানে তারা সুরক্ষা বিষয়ক অনেক বেশি বিষয়বস্তু পড়ার জন্য পাবে। তারা সুরক্ষার বিষয়ে হাতেকলমে করে দেখানোর মতো বিষয় ওখানে পাবে এবং সেগুলির সঙ্গে কিভাবে মোকাবিলা করতে হয় সেগুলিও দেওয়া আছে।

## 1. বাজেটিংয়ে সূচনা

### উদ্দেশ্য

এই লেসনের সমাপ্তিতে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) ওরা বুঝতে পারবে যে চাহিদা এবং প্রয়োজনীয়তার মধ্যে ফারাক
b) বাজেট বুঝতে সাহায্য করে

### নির্দেশাবলি

এই লেসনটি শুরু করার পূর্বে আপনি আপনার শিক্ষার্থীদের কয়েকটি খবরের কাগজ নিয়ে আসতে বলবেন যাতে বিভিন্ন জিনিস এবং তাদের দামের ছবি দেওয়া আছে। আপনাকেও হয়ত কয়েকটা নিয়ে আসতে হতে পারে। চূড়ান্ত কর্মকান্ডের জন্য আপনার প্রয়োজন হবে দশটি নুড়িপাথর, মুদ্রা বা কাগজের বল।

a) বোর্ডে বাজেট কথাটি লিখুন। শিক্ষার্থীদের কাছে জানতে চান:
   - এই শব্দটির অর্থ কি?
   - আপনি কি এর আগে কখনও বাজেট করেছেন বা কাউকে এটি করতে দেখেছেন?
   - আপনি যখন দোকানে শপিং করতে যান এবং অনেক অনেক জিনিস কিনতে চান কিন্তু সেই অনুযায়ী টাকা আপনার কাছে না থাকে তখন আপনার কেমন লাগে?
   - আপনি কি সিদ্ধান্ত নেন যে আপনি কি কিনতে চান এবং কোনগুলিকে আপনি ছেড়ে দিতে চান?
   - যখন আপনার বাবামা আপনাকে বাইরে কিছু কিনতে নিয়ে যান, ওরা কি জিজ্ঞাসা করেন যে কি কিনতে হবে এবং আপনি কি নিতে চাইছেন?
   - আপনার কি মনে হয় বাজেট করা শক্ত কাজ?

b) শ্রেণীকক্ষের বিভিন্ন জায়গায় দাম এবং জিনিসপত্রের ছবি সম্বলিত খবরের কাগজগুলি রেখে দিন।

c) চারজন কি পাঁচজন করে নিয়ে শিক্ষার্থীদের এককেটি দল তৈরী করুন এবং প্রতিটি দলকে একটি করে কাগজ এবং পেন্সিল দিন। শিক্ষার্থীদের বলুন ওদেরকে দেওয়া কাগজটিতে মাঝ বরাবর দাগ দিয়ে দুটি ভাগে ভাগ করে উপরে একদিকে *চাহিদা* এবং অপর দিকে *প্রয়োজনীয়তা* লিখুন।

d) শিক্ষার্থীদের বলুন যে ওরা এখন রানিং ডিক্টেশন কর্মকান্ডে অংশগ্রহণ করছেন। ওদেরকে বলে দিন যে দলের একজন সদস্য কাগজ পেন্সিল নিয়ে এক জায়গায় স্থির হয়ে বসে থাকবে এবং দলের অন্য সদস্যরা গোটা ক্লাসরুম ঘুরে খবরের কাগজের খবরগুলি দেখবে। শিক্ষার্থীদের ঘুরে ঘুরে কাগজগুলি দেখার পরে সেটি মনে রাখতে হবে যে কাগজে ওরা কি দেখেছে, তারপর গ্রুপের সদস্যের কাছে ফিরে আসবে এবং জানাবে যে ওরা কি দেখে এল এবং সেগুলি দিয়ে একটি উপযুক্ত কলাম তৈরী হবে।

e) শিক্ষার্থীদের গোল করে দাঁড় করিয়ে দিন এবং যদেচ্ছাকৃতভাবে দশ জন শিক্ষার্থীর হাতে ঐ নুড়িপাথরগুলি দিয়ে দিন। এরপর ক্লাসে বলুন যে ওরা এখন *পাস দি পেবল* এই খেলাটি খেলবে যাতে এই গোলের মধ্যে একে অপরের হাতে সেগুলি দিতে থাকবে এবং আপনি যখন থামতে বলবেন তখন যার হাতে নুড়িটি থাকবে তাকে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিতে হবে।

- আপনি কি কখনও এমন কিছুতে আপনার টাকা খরচ করতে চেয়েছেন যেটি আপনি বিজ্ঞাপনে দেখেছেন? আপনি কি মনে করেন যে কোনো জিনিস কেনার পক্ষে এটি একটি ভালো যুক্তি?
- আপনার যে জিনিসটি প্রয়োজন সেটি কেনবার জন্য কিছু সঞ্চয়ের প্রয়োজনে আপনার বাজেট কিভাবে করতে হয় সেবিষয়ে আপনি আজ যা শিখলেন সেটি আপনি কীভাবে ব্যবহার করবেন?
- কীভাবে অন্য, আর্থিক সম্পদ নয় এমন সম্পদগুলিকে আপনার থাকা টাকার পরিমানের সঙ্গে যুক্ত করবেন?

আপনার ক্লাসে যদি প্রচুর শিক্ষার্থী থাকে তাহলে আপনার গোলাকার বৃত্ত তৈরী করার প্রয়োজন নেই। সেক্ষেত্রে আপনি শিক্ষার্থীদের বলুন যে তার পাশে বসা শিক্ষার্থীর হাতে যেন নুড়িটা দিয়ে দেয় এবং এইভাবে পাশের জন তার পাশের জনকে দিয়ে দেয় এভাবে চলতে থাকবে।

ওয়েব উপকরন: বাজেটের ইতিহাস এবং বিভিন্ন প্রকারের বাজেট

আপনি শিক্ষার্থীদের www.schoolbankchamps.com এই ওয়েবসাইটটি দেখতে বলতে পারেন এবং ওখানে তারা বাজেট বিষয়ে আরো বিস্তারিতভাবে পড়ে নিতে পারবে। ওরা বাজেট তৈরীর ইতিহাস, বাজেট কত বড় হতে পারে এবিষয়ে তারা অনেক কিছু জানতে পারবে।

## 2. সঞ্চয়ের জন্য বাজেট করা

**উদ্দেশ্য:**

এই লেসনের সমাপ্তিতে, শিক্ষার্থীরা যা যা করতে পারবে:

a) সঞ্চয়ের জন্য বাজেট আপনাকে কিভাবে সাহায্য করতে পারে।
b) কিভাবে বাজেট তৈরী করতে হয়।

নির্দেশাবলি:

*এই লেসনটি শুরু করার পূর্বে আপনাকে একটি ব্যক্তিগত বাজেট বোর্ডে লিখে দিতে হবে যেটি শিক্ষার্থীরা কপি করে নেবে।*

1. খুব দ্রুত ক্লাসে আলোচনা করুন কোন কোন কারণের জন্য কেউ কেউ কিছুই সঞ্চয় করতে পারে না।
2. ওদেরকে বলুন যে আজ আপনি আরুশের একটি গল্প বলবেন সেটা ওরা যেন মন দিয়ে শোনে।

“আরুশ একটি 12 বছর বয়সী ছেলে যে শহরে থাকে। ও একটা সরকারী স্কুলে পড়ে এবং ষষ্ঠ শ্রেণীতে পড়ে। ওর মা ওকে সাপ্তাহিক হাত খরচের জন্য টাকা দেয় (স্থানীয় অর্থে কিছু একটি পরিমাণ বলুন)। ওর মা ওকে ওর নিজের মতো করে চলতে দেয়। ওর একটা সুযোগ আছে যাতে করে হেঁটে বা ঐ অল্প পথটি

বাসে চেপে যেতে পারে। ও স্কুলের ক্যান্টিনে খাবার কিনে খেতে পারে বা প্যাক করে খাবার আনতে পারে। ও মিষ্টি কিনতে পারে কমিকস কিনতে পারে বা খেলনা কিনতে পারে। আরুশ তার শহরের জীবন খুবই উপভোগ করে। ও যে দেশে বাস করে সেখানে আরো অনেক কিছু করার আছে এবং দেখার আছে। কিন্তু ও ওর দেশ আর আত্মীয়দের মিস করে। গরমের ছুটি পড়ার দিন এগিয়ে আসছে এবং ও ওদের সঙ্গে দেখা করবে বলে উদগ্রীব হয়ে উঠছে। ওর মা ওকে বলল যে ও যদি ওর হাত খরচের টাকা থেকে কিছু বাঁচাতে পারে তাহলে ও যেতেই পারে।

এই ঘটনায় আরুশ কিছুটা দ্বিধাগ্রস্ত হয়ে পড়ল। ও জানতো না যে ও কিভাবে ওর খরচের বাজেট করবে যাতে ও ওর গরমের ছুটিতে বেড়াতে যাবার জন্য যথেষ্ট পরিমাণ অর্থ বাঁচাতে পারে। ও জানে যে ওর খরচ থেকে কিছুটা খরচ ছেঁটে ফেলতে পারলেই ও অর্থ সঞ্চয় করতে পারবে কিন্তু ও দোকানে গেলেই কিছু কিছু না কিছু না কিনে থাকতে পারে না। আরুশের সাহায্যের জন্য আরুশের মা তার মাসিক আয় ও ব্যয়ের একটা তালিকা তৈরী করলো। যখন ও এটা পূরণ করলো, ও বুঝতে পারলো যে ও যেহেতু পরিকল্পনা করে নি বা তার খরচের কোনো রেকর্ড রাখে নি সেই জন্য সঞ্চয় করবার মতো তার কাছে পর্যাপ্ত অর্থ নেই"।

3. এখন শিক্ষার্থীদের মনোযোগ আপনি বোর্ডে যে পার্সোনাল বাজেটের ছক তৈরী করেছেন সেদিকে নিয়ে আসুন এবং ওদেরকে দ্রুত সেটি লিখে নিতে বলুন।

| ব্যক্তগত বাজেট | | | |
|---|---|---|---|
| মাসিক আয় | | মাসিক ব্যয় | |
| অনুদান | | সঞ্চয় | |
| চাকরি/সমবেত প্রচেষ্টা | | মিষ্টি | |
| উপহার | | খেলনা | |
| অন্যান্য | | যাতায়াত | |
| অন্যান্য | | অন্যান্য | |
| মোট আয় | | মোট খরচ | |
| | | উদ্বৃত্ত (মোট আয় থেকে মোট খরচ বাদ দিতে হবে) | |

4. শিক্ষার্থীদের বলুন যে আপনি ওদেরকে পাঁচ থেকে দশ মিনিট সময় দিচ্ছেন যাতে করে তারা নিজেরা এই সারণীটি পূরণ করতে পারে।
5. ওদের শেষ হয়ে গেলে ওদেরকে নিম্নলিখিত তিনটি প্রশ্ন জিজ্ঞাসা করুন।
    - আপনি মোট যে পরিমাণ অর্থ পান (যথা আয়), তার থেকে আপনি কি সব খরচ করে ফেলেন না ভবিষ্যতের জন্য কিছু অর্থ সরিয়ে রাখেন?
    - এই তালিকায় এমন কিছু জিনিস এখনও রয়েছে যেগুলি আপনি তাৎক্ষনিক সন্তুষ্টির জন্য কিনে থাকেন, যেমন মিষ্টি?
    - আপনি যদি ভবিষ্যতের পরিকল্পনা করেন এবং আপনি যেভাবে খরচ করেন সেটি পরিবর্তন করতে চান, তাহলে কি আপনি অর্থ সঞ্চয় করতে সক্ষম হবেন?
6. অবশেষে, বাচ্চাদের জিজ্ঞাসা করুন যে ওরা প্রতি মাসে কত টাকা করে সঞ্চয় করতে চাইছে। এরপর ওদেরকে বলুন যে খরচের দিকে ওরা প্রতিটি জিনিসের উপর যে পরিমান খরচ করে সেই পরিমানগুলি পরিবর্তন করলেই তাদের সঞ্চয়ের পরিমাণ বেরিয়ে আসবে।

## 3. আর্থিক দায়দায়িত্ব

উদ্দেশ্য:

এই লেসন সমাপ্ত হবার পরে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) আর্থিক দায়দায়িত্ব ব্যতীত যেকোন কেউ ঋণে আক্রান্ত হবার মতো সমস্যায় পড়তে পারে বলে বিষয়টি বুঝতে পারবে এবং সেটি সানন্দে গ্রহণ করবে।
b) বুঝতে পারবে যে সঞ্চয়ের কারণে কিভাবে বিভিন্ন অর্থনৈতিক সমস্যা থেকে মুক্তি পেতে পারে।

**নির্দেশাবলি:**

এই ক্লাসটি শুরু করার পূর্বে আপনার ক্লাসের চার দিকের দেওয়ালে নীচে উল্লেখিত গল্পটির চারটি অনুচ্ছেদ লিখে রাখুন।

1. শিক্ষার্থীদের পাঁচ থেকে সাত জন করে নিয়ে একেকটি দল তৈরী করুন, এবং প্রত্যেকটি গ্রুপকে একটি করে কাগজ এবং পেন দিন।
2. প্রতিটি গ্রুপকে বলুন সেই গ্রুপের একজনকে সেক্রেটারি নির্বাচন করতে। গ্রুপের অন্যান্যরা গ্রুপ সাংবাদিক যারা ক্লাসের অন্যান্য সদস্যদের সাক্ষাৎকার নেবে।
3. এরপরে, প্রতিটি গ্রুপকে নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে একটি করে মৌখিকভাবে বলুন:
   - আপনি শেষবার কবে টাকা হারিয়েছেন, বা এমন কাউকে জানেন যিনি টাকা হারিয়েছেন? কি ঘটেছিল?
   - শেষবার কবে এরকম ঘটেছিল যখন আপনার নিজের কোনো জিনিস আপনি ভেঙ্গে ফেলেন বা হারিয়ে ফেলেন? আপনি কি এটিকে এড়িয়ে যেতে পারতেন?
   - আপনি যেটি চাইছেন/প্রয়োজন সেটি যখন আপনার পরিবার আপনার জন্য কিনে দিতে পারে না তখন আপনার কেমন লাগে? কেন?
4. সাংবাদিকদের বলুন গোটা ক্লাসটা ঘুরে দেখতে এবং অন্য গ্রুপের যত বেশী সংখ্যক সদস্যদের এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে। সেইসকল শিক্ষার্থীদের চিহ্নিত করুন যাদেরকে এই প্রশ্ন বারংবার করেছেন এবং ওদেরকে ওদের উত্তরের উপর প্রতিফলিত করতে উৎসাহিত করুন এবং যদি কেউ উত্তর পরিবর্তন করতে চায় তাহলে সেই নতুন ভাবনাটি সংগ্রহ করুন। এর অতিরিক্ত, শিক্ষার্থীদের মনে করিয়ে দিন যে তারা অন্য সাংবাদিকদের সাক্ষাৎকার নেবে, সুতরাং ওদেরকে ধৈর্যশীল হতে হবে এবং যখন ওদের প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ আসবে ততক্ষণ অপেক্ষা করতে হবে।
5. সাংবাদিকেরা তাদের উত্তরগুলি গ্রুপ সেক্রেটারির কাছে জানাবে তখনই যখন ওরা নতুন কোনো ভাবনার সন্ধান পাবে এবং সেক্রেটারি সেটি কাগজে লিখে রেখে দেবেন।
6. 15 মিনিট পরে, প্রতিটি গ্রুপের সেক্রেটারিকে তাদের গ্রুপ থেকে পাওয়ার উত্তরগুলি গুনতে বলবেন। যে গ্রুপে সর্বোচ্চ সংখ্যক উত্তর পেয়েছে তাদেরকে হাততালি দিয়ে অভিনন্দন জানান।
7. শিক্ষার্থীদের তাদের অরিজিনাল গ্রুপেই থাকতে বলুন এবং প্রত্যেককে একটি করে কাগজ দিন।
8. অপরাজিতা এবং টেলিভিসন গল্পের অনুচ্ছেদগুলি আলাদা আলাদা করে দেখান যেগুলি ক্লাসরুমের চারদিকে লেখা আছে।

9. প্রতিটি গ্রুপ থেকে একজন করে সাংবাদিককে চারটির মধ্যে একটি করে অনুচ্ছেদ দেখে আসতে বলুন, সেগুলি দেখে তারা মনে রাখবে এবং ফিরে এসে তাদের গ্রুপের সেক্রেটারির কাছে জানাবে যা শুনে সেক্রেটারি সেটা লিখে রাখবে।
10. একবার এটা করা হয়ে গেলে গ্রুপের কাছে নিশ্চিতভাবে জেনে নিন যে গল্পটা সঠিক ক্রমে লেখা হয়েছে এবং প্রতিটা গ্রুপের কাছে ঘুরে ঘুরে সেটি পরীক্ষা করে দেখে নিন। এটি করবার সময়ে প্রতিটি গ্রুপের হাতে আবার একটা করে নতুন কাগজ দিন।
11. এরপরে, গ্রুপকে জানিয়ে দিন যে আপনি সকলের সাথে একটি প্রবলেম ট্রি তৈরী করবেন যাতে অপরাজিতার পরিবার যেসকল সমস্যার মুখোমুখি হয়েছিল সেগুলিকে আরো ভালোভাবে লক্ষ্য করা যায়। বোর্ডে একটা গাছ আঁকুন।

    - ওদেরকে জিজ্ঞাসা করুন যে গল্পে উল্লেখিত সমস্যাটি কি ছিল এবং যদি প্রয়োজন হয় ওদেরকে দেখিয়ে দিন যে সঠিকভাবে পরিকল্পনা এবং বাজেট না করার জন্য পরিবার সমস্যায় পড়েছে

    - গাছের গুঁড়ির উপর গল্পের সঙ্গে সম্পর্কিত সমস্যাটি লিখুন (বাজেট ঘাটতি)
12. এরপর শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন যে এই সমস্যার কারণটি কি। ওদেরকে বলুন যতটা নির্দিষ্টভাবে বলা সম্ভব ততটা যেন বলে। উত্তরগুলি হতে পারে কীভাবে বাজেট করতে হয় জানে না, চাহিদা এবং প্রয়োজনীয়তার মধ্যে পার্থক্য তৈরী করতে পারে না, ঈর্ষান্বিত হওয়া, কোনো কিছুর জন্য অপেক্ষা না করে সঙ্গে সঙ্গে সেই জিনিসটি চাওয়া, এবং ইত্যাদি ইত্যাদি

    - যেহেতু শিক্ষার্থীরা উত্তর দেবে তাই ওদেরকে জিজ্ঞাসা করুন, তোমাদের এটা কেন মনে হলো? এবং এছাড়া অন্য কোনো মতামত কারোর আছে কি? যখন এই কারণ সম্বন্ধে কোনো কথা উঠে আসবে সেটি শিকড়ে লিখুন।
    - আপনি যতক্ষণ না পর্যন্ত শিকড়ে চার পাঁচটি কারণ লিখতে পারছেন ততক্ষণ আলোচনাটি চালিয়ে যান।

13. প্রতিটি সমস্যার কারণের জন্য একেকটি শাখা অঙ্কন করুন। পুনরায়, প্রতিটি গ্রুপকে সৃজনশীল হতে বলুন এবং ওদেরকে সমস্যাটির বিভিন্ন প্রভাব বিষয়ে চিন্তা করতে বলুন। উদাহরণস্বরূপ, ঋণে আক্রান্ত হওয়া, দুশ্চিন্তা করা, পর্যাপ্ত অর্থ না থাকার জন্য লজ্জিত হওয়া, কিভাবে পরিকল্পনা করতে হয় তা না জানা, ভবিষ্যত বিষয়ে অনিশ্চিত থাকা, যখন সময় খারাপ যায় সেই পরিস্থিতির জন্য তৈরী না থাকা ইত্যাদি

    - যেহেতু শিক্ষার্থীরা উত্তর দেবে, তাই ওদেরকে জিজ্ঞাসা করুন কেন ওরা এরকম ভাবছে? এবং আর কারোর কি অন্য কোনো ভাবনা বা বক্তব্য আছে? যখন কোন একটা যুক্তির মধ্যে কারণ খুঁজে পাবেন সেটি শাখার উপর লিখুন।
    - আপনি যতক্ষণ না পর্যন্ত শাখাগুলিতে চার পাঁচটি কারণ লিখতে পারছেন ততক্ষণ আলোচনাটি চালিয়ে যান।

14. অবশেষে, শিক্ষার্থীদের জোড়ায় জোড়ায় ভাগ করে দিন যাতে তারা চিন্তা করে একটি তালিকা বানাতে পারে যে কোন কোন উপায়ে এই সমস্যাটি এড়ানো যেত।

**উপাদান: অপরাজিতা এবং টেলিভিসন**

অনুচ্ছেদ 1: অপরাজিতা এবং তার এক ভাই ও এক বোন তাদের বাবামায়ের সঙ্গে থাকতো। ওর বাবা ছিলেন একজন শিক্ষক এবং ওর মা একটি হোটেলের ম্যানেজার ছিলেন। অপরাজিতার বাবামা অর্থ সঞ্চয় করতেন যাতে সেটি প্রয়োজনের সময়ে ব্যবহার করা যায়।

অনুচ্ছেদ 2: একবার, অপরাজিতা তার বন্ধুর বাড়িতে পড়াশুনা করতে গেছিল। বন্ধুর বাড়ি গিয়ে দেখে যে ওর বন্ধুর পরিবারে একটা বড় টেলিভিসন আছে। ও ঈর্ষান্বিত হয়ে পড়ে এবং বলে যে ও বাড়ি গিয়ে ওর বাবামাকে বুঝিয়ে এরকম একটা টেলিভিসন কিনবে।

অনুচ্ছেদ 3: অপরাজিতা যখন বাড়ি ফিরে এলো, ও ওর ভাইবোনদের বুঝিয়ে নিজের পক্ষে এনেছিল এবং ওরা একসাথে ওদের বাবামায়ের কাছে একটা টিভি কেনবার জন্য বায়না করলো। বাবামা তার সন্তানদের কথায় না করতে পারলো না এবং সিদ্ধান্ত নিল যে ওদের সঞ্চয়ের অর্থ খরচ করে টেলিভিসন কিনবে।

অনুচ্ছেদ 4: ওদের টিভি কেনার দুই সপ্তাহ পরে, অপরাজিতার বোন অসুস্থ হয়ে পড়ল এবং ওকে হাসপাতালে নিয়ে যেতে হলো। যে ওষুধ ওকে প্রেসক্রিপসনে লেখা হলো সেগুলি ছিল খুবই দামী। অপরাজিতার বাবামা তাদের সমস্ত সঞ্চয় খরচ করে টিভি কিনে ফেলেছে, কিন্তু এখন আর ওষুধ কেনবার টাকা পাচ্ছে না। সেইকারণে ওরা বাধ্য হয়েছিল প্রতিবেশীর কাছ থেকে ধার নিতে যিনি ওদেরকে বলেছিলেন যে একমাসের মধ্যে তার টাকা সুদ সহ ফিরিয়ে দিতে।

## 4. <u>অ্যাকশন প্লানিং</u>

**উদ্দেশ্য**

এই লেসন সমাপ্ত করে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) একটি লক্ষ্য স্থির করতে পারবে যা শিক্ষার্থীরা ধাপে ধাপে সেটি প্রয়োগ করার পরিকল্পনা করবে
b) স্বল্প সময়কালীন, মাঝারি সময়কালীন এবং দীর্ঘ সময়কালীন লক্ষ্যমাত্রার মধ্যে পার্থক্য বুঝতে পারবেন

**নির্দেশাবলি**

1. শিক্ষার্থীদের বলুন যে তাদের মধ্যে যারা কোনো কিছুর জন্য স্বল্প, মাঝারি এবং দীর্ঘ সময়কালীন পরিকল্পনা করেছে তাহলে তারা যেন হাত তোলে এবং সেই সংখ্যাগুলি বোর্ডে লিখে রাখেন:
    - স্বল্প সময়কালীন: এক দিনের জন্য এবং/অথবা এক সপ্তাহের জন্য (যেমন আপনি কি খাবেন)
    - মাঝারি সময়কাল: এক মাস বা এইরকম সময় (যেমন পরীক্ষার জন্য আপনি কীভাবে পড়াশুনা করবেন)।
    - দীর্ঘ সময়কাল: তিন থেকে পাঁচ বছরের জন্য (যেমন আপনার স্কুল জীবন শেষ হয়ে যাবার পরে আপনি কি করবেন)।
2. শিক্ষার্থীদের বলুন যে, আজ ওরা একটা মাঝারি সময় ব্যাপী পরিকল্পনা করছে – স্কুলে একটা ফুলের বাগান করছে।
3. ক্লাসটাকে দুটো ভাগে ভাগ করুন:

- একটা গ্রুপ পরিকল্পনা করবে যে কীভাবে এটি তৈরী করতে হয় এবং একটি ফুলের বাগান শুরু করতে হয়।
- অন্য গ্রুপটি পরিকল্পনা করবে যে কীভাবে সেই ফুলের বাগানটির রক্ষণাবেক্ষণ করতে হয় এবং এই বাগান শুরু হয়ে গেলে কীভাবে সেটি ব্যবহার করতে হয়। তারা এই কাজ চলাকালীন তার অগ্রগতি লিখে রাখার জন্য একটি লগ বুক রাখবে।

4. চার্টটি বোর্ডে লিখুন এবং শিক্ষার্থীদের বলুন যে ওদের পরিকল্পনা তৈরী করতে সাহায্য পেতে এই চার্টগুলি ব্যবহার করতে যাতে তারা সিদ্ধান্ত নিতে পারে যে কি করতে হবে, কখন সেগুলি করতে হবে, কে কে সেগুলি করবে, এবং এর জন্য কোনো খরচ হবে কিনা। যদি দেখা যায় শিক্ষার্থীদের এই কাজগুলি করতে সমস্যা হচ্ছে, তাহলে আপনি ওদেরকে টিচার্স এক্সাম্পেল প্লানস শিট অনুযায়ী পরামর্শ দিতে।

| গ্রুপ 1: প্লানিং চার্ট | | | |
|---|---|---|---|
| ধাপগুলি | ডেডলাইন দিন/মাস/বছর | যারা দায়িত্বে আছেন | খরচ |
| | | | |

| গ্রুপ 2: মনিটরিং এবং রক্ষণাবেক্ষণের পরিকল্পনা | | | |
|---|---|---|---|
| কাজ | দিন/সময় | যারা দায়িত্বে আছেন | খরচ |
| | | | |

5. ওরা যখন প্রস্তুত হয়ে যাবে, তখন প্রতিটি গ্রুপ অন্য শিক্ষার্থীদের তাদের পরিকল্পনা বর্ণনা করবে এবং দায়িত্ব বর্ণনা করে চূড়ান্ত করার জন্য সেটি নিয়ে আলোচনা করবে।
6. প্রতিদিন শিক্ষার্থীদের মনে করিয়ে দিতে হবে, যে শিক্ষার্থীরা ফুলগুলি পরীক্ষা করবে তারা তাদের কাজ/অনুসন্ধানগুলি লগবুক-এ লিখে রাখবে এবং ক্লাসে এসে রিপোর্টিং করবে যে বাগানের কাজ কেমনভাবে হচ্ছে।
7. এই পর্বটি সমাপ্ত করুন শিক্ষার্থীদের কাছে জানতে চেয়ে যে ওদের মধ্যে কেউ কি তাদের বাড়িতে বা আশেপাশে কোনো বাগান তৈরী করবার পরিকল্পনা করছে কিনা।

**উপাদান: টিচার্স এক্সাম্পেল প্লান**

| একটি বাগানের পরিকল্পনা তৈরী করা | | | |
|---|---|---|---|
| ধাপগুলি | ডেডলাইন দিন/মাস/বছর | যারা দায়িত্বে আছেন | খরচ |
| স্কুলে বাগান করার অনুমতি পাওয়া | পরের সপ্তাহে | শিক্ষক | না |
| বাগানে কি কি ফুল লাগানো হবে সেগুলি নির্বাচন করা | | | |
| ফুলগুলি কেনা | | | |
| ইত্যাদি | | | |
| প্লানটি পর্যবেক্ষণ করা এবং রক্ষণাবেক্ষণ করা | | | |
| কাজ | দিন/সময় | যারা দায়িত্বে আছেন | খরচ |
| প্রতিদিন পরীক্ষা করা এবং জল দেওয়া (যদি প্রয়োজন হয়) | সোমবার সকাল 8.30 | A, B, C | |
| | ... | | |
| | শুক্রবার বিকাল 3টা | D, E, F | |

| | | | |
|---|---|---|---|
| আগাছা নিরুপন করা | | | |

## 1. আমাদের অধিকার

### উদ্দেশ্য

এই লেসন সমাপ্ত করার পরে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) ওদেরকে বলুন যে প্রতিটি শিশু নিরাপদ, স্বাস্থ্যবান এবং তাদের নিজ নিজ ক্ষমতা অনুযায়ী বেড়ে উঠতে চায়।
b) সারা বিশ্ব জুড়ে এই বাচ্চারা যেসকল সমস্যার মুখোমুখি হয় সেগুলির কয়েকটির বিষয়ে ওদেরকে সচেতন করে তুলুন।

### নির্দেশাবলি

1. শিক্ষার্থীদের জোড়ায় জোড়ায় ভাগ করুন এবং ওদেরকে ভাবতে বলুন যে সুরক্ষিত, স্বাস্থ্যবান এবং নিজেদের ক্ষমতা অনুযায়ী বেড়ে ওঠবার জন্য যেসকল জিনিসের প্রয়োজন সেগুলির একটা তালিকা করতে। এই কাজের জন্য ওদেরকে 2 মিনিট সময় দিন। এরপর ওদেরকে বলুন সেগুলি শেয়ার করতে এবং উত্তরগুলি বোর্ডে লিখুন।
2. শিক্ষার্থীদের জানিয়ে দিন যে সারা বিশ্বজুড়ে শিশুদের প্রয়োজনীয় জিনিসপত্রের সুরক্ষা এবং সেগুলি পাইয়ে দেবার জন্য একটি চুক্তি আছে এবং সেগুলিকে চিলড্রেনস রাইটস বলে। সেইসকল জিনিসগুলি নির্বাচন করতে যেগুলিকে তারা শিশুদের অধিকার হিসাবে ইতিমধ্যেই তালিকাভুক্ত করেছে।
3. এরপরে শিক্ষার্থীদের নিয়ে ছয় থেকে দশজন নিয়ে গ্রুপ তৈরী করুন এবং এবং শিশুদের অধিকারের এই চারটি শ্রেণীবিভাগের একেকটি নামকরণ করুন: (১) বেঁচে থাকা (২) উন্নয়ন (৩) সুরক্ষা এবং (৪) অংশগ্রহণ
4. প্রতিটি গ্রুপকে দুই থেকে তিন মিনিট সময় দিন ওদের নিজেদের মধ্যে আলোচনা করতে এবং ওদেরকে একটি করে অধিকার বিষয়ে চিন্তা করতে বলুন যে এই অধিকারটি যদি সুরক্ষিত থাকতো বা না থাকতো তাহলে জীবনে কি কি হতে পারতো।
5. গ্রুপগুলিকে জানিয়ে দিন যে ওদেরকে আবার দুটি সাব-গ্রুপে ভাগ করা হবে কেননা ওদেরকে তাদের নির্ধারিত অধিকারের ভিত্তিতে দুটি করে ইমেজ ফুটিয়ে তুলতে হবে – একটি হলো লঙ্ঘন করা হলে কি হবে এবং অন্যটি সুরক্ষিত থাকলে কি হতে পারে এবং এইকাজে ইমেজ থিয়েটার টেকনিক ব্যবহার করা যাবে। প্রতিটি গ্রুপকে জানিয়ে দিন যে সকলকে তাদের ইমেজটি School Banks Club-এ 30 সেকেন্ড করে প্রদর্শন করতে হবে এবং এইসময়ে বাকী ক্লাস বোঝার চেষ্টা করবে যে ওরা ইমেজের মাধ্যমে কি ফুটিয়ে তুলছে।
6. শিক্ষার্থীদের জানিয়ে দিন যে এই সময়কালে আপনি ওদের কারো একজনের কাঁধে হাত রাখবেন এবং জিজ্ঞাসা করবেন যে ওরা কি ভাবছে যে ওদেরকে যে অধিকার দেওয়া হয়েছে সেটি সুরক্ষিত আছে না লঙ্ঘিত হচ্ছে, সুতরাং ওদেরকে উত্তর দেওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে। শিক্ষার্থীদের স্মরণ করিয়ে দিন যে আপনি যখন ওদেরকে জিজ্ঞাসা করবেন যে ওরা কি অনুভব করছে/ভাবছে সেইসময়ে ওরা শুধু ওদের শরীরের ভঙ্গিমার মাধ্যমে ফুটিয়ে তুলবে কি ঘটে চলেছে এবং ওরা কোনোভাবে নড়াচড়া করতে পারবে না এবং কোনো শব্দও করতে পারবে না।

7. গ্রুপগুলিকে ওদের ছবি ফুটিয়ে তোলার পরিকল্পনা করার জন্য দশ মিনিট সময় দিন এবং এরপর গ্রুপগুলি সমগ্র ক্লাসের সামনে সেটি উপস্থাপন করবে।
8. প্রথম 15 সেকেন্ডের পরে, একজন পারফর্মারের কাঁধে হাত রাখুন যাতে অংশগ্রহণকারী কি ভাবছে বা অনুভব করছে সেবিষয়ে একটা বাক্য বা শব্দাবলি শুনতে পাওয়া যায়। এই একই পদ্ধতি অন্য একজন শিক্ষার্থীর উপর প্রয়োগ করুন যেখানে অধিকার সুরক্ষিত থাকছে।
9. প্রতি সেট ইমেজ সম্পন্ন হওয়ার পরে, গোটা ক্লাসকে আন্দাজ করতে বলুন যে কি কি ইমেজ ফুটিয়ে তোলা হলো। যদি প্রয়োজন হয় তাহলে ওরা পারফর্মারদের কাছে এবিষয়ে সাহায্য নেবার জন্য প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে।

**উপাদান: উদাহরণ সহ শিশুদের অধিকারের চারটি শ্রেণীবিভাগ**

অধিকার হলো এমন একটি বিষয় যা প্রতিটি শিশুর থাকা উচিত বা করতে সমর্থ হওয়া উচিত। প্রতিটি শিশুর সমান অধিকার আছে। এই অধিকারগুলি শিশুদের অধিকার শীর্ষক জাতি সঙ্ঘের সম্মেলনে তালিকাভুক্ত হয়েছে। প্রায় সমস্ত দেশগুলি এই অধিকারগুলির সঙ্গে সহমত হয়েছে। প্রতিটি অধিকার একে অপরের সঙ্গে সম্পর্কিত এবং প্রত্যেকটি সমানভাবে গুরুত্বপূর্ণ। অধিকারের বিষয়ে কখনও কখনও আমাদেরকে ভাবতে হয় যে কোনো একটি অবস্থায় পড়ে শিশুদের পক্ষে সর্বোত্তম কোনটি এবং জীবনের পক্ষে গুরুত্বপূর্ণ কোনটি এবং কোনটি ক্ষতির হাত থেকে রক্ষা করে।

| শ্রেণীবিভাগ | বেঁচে থাকা | উন্নয়ন | সুরক্ষা | অংশগ্রহণ |
|---|---|---|---|---|
| উদাহরণ | • আপনার বেঁচে থাকার অধিকার আছে<br>• আপনার চিকিৎসা পাবার অধিকার আছে<br>• আপনার জীবনের প্রাথমিক চাহিদাগুলি পূরণ হওয়া এবং খাবার, পোষাক, এবং বাস করবার জন্য একটি সুরক্ষিত স্থানের অধিকার আছে | • আপনার উন্নত মানের শিক্ষা পাবার অধিকার আছে। আপনার আপনার সর্বোচ্চ মান পর্যন্ত যা আপনার সম্ভব সেই স্তর পর্যন্ত স্কুলে যেতে আপনাকে উৎসাহিত করা হবে।<br>• আপনার একটি এমন পরিবার পাবার অধিকার আছে যে পরিবার আপনাকে অত্যন্ত যত্ন করবে। আপনাকে যদি আপনার পরিবার দেখাশোনা না করে তাহলে বিশেষ যত্ন পাবার আপনার অধিকার আছে।<br>• আনন্দ করা এবং খেলাধুলা করার অধিকার আপনার আছে। | • কেউ আপনাকে অপহরণ করা বা বিক্রি করতে পারবে না।<br>• কারোর অধিকার নেই ক্ষতিকারক উপায়ে বা নিষ্ঠারতার সঙ্গে আপনাকে শাস্তি দেওয়া।<br>• আপনাকে যদি কেউ আঘাত করে, অবহেলা করে বা বাজে ভাবে আচরণ করে সেক্ষেত্রে সাহায্য পাবার আপনার অধিকার আছে। | • আপনি অন্যদের সাথে যা চিন্তা করলেন সেগুলি খুঁজে বের করা এবং শেয়ার করার অধিকার আপনার আছে।<br>• আপনার অধিকার আছে আপনার নিজের বন্ধু বেছে নেওয়ার বা কোন গ্রুপ বা দলের সঙ্গে যোগদান করবেন, ততক্ষণ পর্যন্তই যতক্ষণ না এটি অন্যদেরকে ক্ষতি করে।<br>• আপনার নিজস্ব মতামত দেওয়ার অধিকার আছে যেগুলি বয়স্কদের শুনতে হবে এবং ভালোভাবে গ্রহণ করতে হবে। |
| প্রতিটি শিশুর এই অধিকারগুলি আছে, তারা যেই হোক না কেন, কোথায় তারা বাস করছে, ওদের বাবামায়েরা কি করে, ওরা কোন ভাষায় কথা বলে, ওদের ধর্ম কি, ওরা ছেলে না মেয়ে, ওদের সংস্কৃতি কি, ওদের বিকলাঙ্গতা আছে কিনা, ওরা বড়লোক না গরীবলোক তাতে কিছু যায় আসে না। কোনো কারণের জন্য ওদের প্রতি অসৌজন্যমূলক আচরণ করা যাবে না। | | | | |

শিশুদের অধিকার শীর্ষক জাতি সঙ্ঘের সম্মেলন থেকে শিশুদের উপযোগী ভাষায় সংগৃহীত

## 2. কমিউনিটিতে অধিকার

### উদ্দেশ্য

এই লেসন সমাপ্ত হবার পরে শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) শিশুদের বেছে নেওয়া কোন অধিকার লঙ্ঘনের কারণ এবং সেগুলির প্রভাব বুঝে নেওয়া।

b) এই লঙ্ঘন করা জানানোর বিষয়ে সম্ভাব্য উপায়গুলি চিন্তা করে বের করতে পারা।

### নির্দেশাবলি

1. শিক্ষার্থীদের পাঁচ থেকে সাত জন করে নিয়ে এককেটি গ্রুপ তৈরী করুন।
2. ওদেরকে জানিয়ে দিন যে (নীচে উল্লেখিত তালিকা থেকে) আপনি একটি দৃশ্যের কথা বলবেন এবং যে মূহুর্তে আপনি এটা বলা শেষ হয়ে যাবে তারপর থেকে আপনি দশ গোনা শুরু করবেন। ওদেরকে বোঝান যে এই সময়ের মধ্যে, গ্রুপগুলিকে ইমেজ থিয়েটার ব্যবহার করে একটি দৃশ্য ফুটিয়ে তুলতে হবে যেখানে স্বাভাবিকভাবে এই চরিত্র এবং জিনিসগুলি খুঁজে পাওয়া যায়: শ্রেণীকক্ষ, জন্মদিনের পার্টি, শোকযাত্রা, প্রসবের ঘর এবং ধর্মীয় পরিষেবা।
3. প্রতিটি দৃশ্যের শেষে, শিক্ষার্থীদের চারপাশের পরিস্থিতি দেখার জন্য এবং অন্যান্য গ্রুপের কর্মকান্ড দেখার জন্য সময় দিন। যদি কোনো বিষয়/চরিত্র পরিস্কার না হয়ে থাকে তাহলে সেটি আলোচনা করে নিন।
4. আপনি যতক্ষণ সময় পাবেন সেই সময়ের মধ্যে এই প্রক্রিয়াটি পুনরায় করুন, কিন্তু নিশ্চিত হয়ে নেবেন যে আপনার অন্তিম দৃশ্যটি হবে: আমাদের কমিউনিটিতে হওয়া একটি সমস্যা
5. এই সময়ে, 20 থেকে 1 পর্যন্ত গুনুন যাতে শিক্ষার্থীরা প্রস্তুত হবার জন্য একটু বেশী সময় পায়।
6. শিক্ষার্থীদের তাদের নিজ নিজ দলে রেখে দিন এবং ওদেরকে বলুন যে ওদের কমিউনিটিতে হওয়া কোনো একটি সমস্যার কথা চিন্তা করতে যেটি ওরা এখানে উপস্থাপন করতে পারে। ওদেরকে ব্যাখ্যা করুন যে পূর্বতন কর্মকান্ড থেকে বা পূর্ববর্তী লেসনে আলোচিত হয়েছে এমন সমস্যাগুলির মধ্যে থেকে যেকোন একটি উল্লেখ করা যেটি অন্তিম দৃশ্য হতে পারে। ওদেরকে কয়েকমিনিট সময় দিন আলোচনা করার জন্য এবং তারপর গ্রুপগুলিকে ওদের বেছে নেওয়া সমস্যাগুলির কথা জিজ্ঞাসা করুন।
7. বোর্ড বা ক্লিপচার্টে বেছে নেওয়া বিষয়টির জন্য একটি প্রবলেম ট্রি অঙ্কন করুন। নিশ্চিত হয়ে নেবেন যে কমিউনিটি সমস্যার বিষয়ে সকলেই একমত হয়েছে এবং তারপর এই সমস্যাটি প্রবলেম ট্রি-র গুঁড়িতে লিখুন।
8. এখন ক্লাসে সকলের উদ্দেশ্যে জানতে চান যে এই সমস্যার কারণগুলি কি কি। প্রতিবার যখনই কোনো একজন শিক্ষার্থী কোনো একটি উত্তর দেবে তখন আপনি জানতে চান 'কেন সে এটি ভাবছে?' এবং 'অন্য কারোর কি এবিষয়ে অন্য কোনো মতামত আছে?'
9. যখন কোনো সমস্যার কারণ নিয়ে একটি সহমতযুক্ত ধারণা উঠে আসবে সেটি ট্রি-র শিকড়ে লিখুন। আপনি যতক্ষণ না পর্যন্ত পাঁচটি বা ছয়টি কারণ খুঁজে পাচ্ছেন ততক্ষণ পর্যন্ত এই আলোচনা পর্ব জারি রাখুন।
10. এরপর ওদেরকে জিজ্ঞাসা করুন যে সমস্যাটির কারণগুলির বিষয়ে ওরা কি ভাবছে। প্রতিবার যখনই কোনো একজন শিক্ষার্থী কোনো একটি উত্তর দেবে তখন আপনি জানতে চান 'কেন সে এটি ভাবছে?' এবং 'অন্য কারোর কি এবিষয়ে অন্য কোনো মতামত আছে?'

11. যখন আপনি সমস্যাটির প্রভাব বিষয়ে সহমত হতে পারবেন তখন সেটি কোনো একটি শাখায় লিখুন। পাঁচটি বা ছয়টি 'প্রভাব' খুঁজে না পাওয়া পর্যন্ত আপনি এই আলোচনা পর্ব চালিয়ে যান।
12. একবার যখন এই ট্রি সম্পূর্ণ হয়ে যাবে, তখন এই আলোচনাকে আরো বাড়িয়ে নিয়ে যেতে উৎসাহ দিনঃ "তোমাকে যদি এই সমস্যা নিয়ে কোনো কিছু করতে বলা হয়, তখন তুমি কি করতে পারবে?"
13. যদি সময় পাওয়া যায় তাহলে শিক্ষার্থীদের নিয়ে পাঁচ বা ছয়জনের একেকটি দল তৈরী করুন এবং ওদেরকে জিজ্ঞাসা করুন যে ওরা নিজেরা একটি প্রবলেম ট্রি তৈরী করতে পারবে কিনা। যদি কোনো সময় না থাকে, তাহলে আপনি শিক্ষার্থীদের বলুন তাদের নিজস্ব প্রবলেম ট্রিগুলি তাদের ক্লাবে বসে তৈরী করতে। এই ক্লাসটি সমাপ্ত করুন শিশুদের অধিকারের চারটি শ্রেণীবিভাগ উল্লেখ করে

**উপকরণ: শিশুদের অধিকারের চারটি শ্রেণীবিভাগ**

| সেকশন | অধিকার | দায়দায়িত্ব |
|---|---|---|
| 1 | বেঁচে থাকার অধিকার<br>প্রত্যেকটি শিশু যেন পর্যাপ্ত পরিমাণে থাবার, বিশুদ্ধ বাতাস, পরিশুদ্ধ জল, থাকার জন্য একটি বাসা এবং পর্যাপ্ত পোষাক পায়। | থাবার এবং জল অপচয় করবেন না, পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাথুন, সঠিক পোষাক পড়ুন, আপনার স্বাস্থ্যের যত্ন নিন এবং পর্যাপ্ত পরিমানে পুষ্টিকর থাবার থান। |
| 2 | সুরক্ষা পাবার অধিকার<br>প্রত্যেকটি শিশু তার বাবামা, অভিভাবক এবং গুরুজনদের কাছ থেকে ভালোবাসা এবং যত্ন পাবে। শিশুদের অবশ্যই বাস করার জন্য একটি সুরক্ষিত জায়গা দিতে হবে এবং কথনই শিশুশ্রমে নিযুক্ত করা যাবে না। শিশুদের বিরুদ্ধে প্রতিটি নিষ্ঠুরতার হাত থেকে ওদেরকে নিরাপত্তা দিতে হবে এবং ওদের শরীর কথনই ওদের ইচ্ছার বিরুদ্ধে ব্যবহার করা যাবে না। | ভালবাসা সহ বাড়িতে থাকা, শিশুশ্রমের জন্য কোথাও যেতে প্রত্যাখ্যান করা, কারোর উপর হিংস্রতা প্রয়োগ না করা, আপনার শরীরকে এলোমেলোভাবে ব্যবহার করতে না দেওয়া, কারোর কাছ থেকে কোনো নিষ্ঠুরতা সহ্য না করা। |
| 3. | উন্নয়নের অধিকার<br>শিশুর শিক্ষা পাবার অধিকার আছে। প্রতিটি শিশুর তাদের গ্রামের স্কুলে ভর্তি হতে পারার অধিকার আছে। প্রতিটি শিশুর অধিকার আছে থেলবার জন্য একটি জায়গা পাওয়ার। শিশুদের অধিকার আছে বিভিন্ন মনোরঞ্জনমুলক অনুষ্ঠান এবং থেলাধুলায় অংশগ্রহণ করবার অধিকার আছে। | স্কুলে যোগ দেওয়া, ভালো করে পড়াশুনা করা, স্কুলে ভর্তি হতে না পারার জন্য যারা স্কুলে যেতে পারে না তাদেরকে সাহায্য করা। থেলবার সময়ে সকলকে নিয়ে থেলতে হবে। তোমার যে বন্ধুরা বিকলাঙ্গ তাদেরকে সাহায্য করো এবং অন্যদের সাহায্য গ্রহণ করো। থেলাধুলা এবং অন্যান্য প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারা। |
| 4. | অংশগ্রহণের অধিকার<br>শিশুদের অধিকার আছে একসাথে জড়ো হওয়া, মতামত বর্ণনা করা, সংগঠন গড়ে তোলা, বিভিন্ন সংস্থায় যোগ দেওয়া এবং তাদের কর্মকান্ডে পরবর্তীকালে যোগ দেওয়া। | কোনো একটি বিষয় নিয়ে ভাবনা চিন্তা করার পরে আপনার নিজস্ব মতামত গড়ে তুলুন। নির্ভীকভাবে সঠিক পদ্ধতিতে আপনার মতামত বর্ণনা করুন। অন্যান্য শিশুদের এইসমস্ত কর্মকান্ডে যুক্ত করুন। |

## 3. আমাদের স্বচ্ছ কমিউনিটি

### উদ্দেশ্য

লেসন সমাপ্ত হবার পরে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:



a) কোনো একটি সমস্যা যা তাদের কমিউনিটিকে ক্ষতিগ্রস্ত করছে তার বিরুদ্ধে সচেতনতা গড়ে তুলতে প্রচার সংগঠিত করা
b) পুনর্ব্যবহারের বিভিন্ন প্রক্রিয়াগুলি এবং এটি কিভাবে সঞ্চয়ের সম্পদের সঙ্গে সম্পর্কিত সেটি বুঝতে পারা
c) পরিস্কার করা এবং অপচয় কমানোর সঙ্গে সম্পর্কিত বিভিন্ন কর্মকান্ডের বিষয়ে উৎসাহিত করা

### নির্দেশাবলি

1. শিক্ষার্থীদের তাৎক্ষনিকভাবে ভাবতে বলুন সেই সকল সমস্যাগুলির একটা তালিকার কথা যেটি তাদের কমিউনিটিকে প্রভাবিত করে।
2. ওদের উত্তরগুলি বোর্ডে লিখুন এবং এই উত্তরগুলি দেওয়ার জন্য ওদেরকে ধন্যবাদ দিন।
3. পুনর্ব্যবহারের চিহ্নটি শিক্ষার্থীদের জন্য বোর্ডে আঁকুন। যখন আপনি এটি করতে থাকবেন, ওদেরকে নিম্নলিখিত বিষয়গুলি জিজ্ঞাসা করুন:
   - কেউ কি এই চিহ্নটি সম্বন্ধে জানে? এটি কিসের চিহ্ন?
   - এই তিনটি তীর চিহ্নের অর্থ কি?
   - পুনর্ব্যবহারের অর্থ কি?
4. ব্যাখ্যা করে বোঝান যে পুনর্ব্যবহারের অর্থ হলো আপনি যেসকল উপকরণ/সম্পদ ব্যবহার করেছেন সেগুলি সঞ্চয় করা এবং সেই একই জিনিসগুলিকে ভিন্ন কাজের জন্য বা পুনরায় একই কাজের জন্য ব্যবহার করতে পারা।
5. শিক্ষার্থীদের বলুন গোল হয়ে বৃত্তাকারভাবে বসতে। যখন ওরা এই বসার কাজটা করবে, তখন বোর্ডে/ক্লিপচার্টে চারটি উল্লম্ব রেখা টেনে কলামে ভাগ করুন এবং প্রতিটি কলামে নিম্নলিখিত শিরোনামগুলি লিখুন:
   - পুনর্ব্যবহার্য উপকরণ
   - পুনরায় ব্যবহার করা/পুনর্ব্যবহারের কারণগুলি
   - পুনর্ব্যবহারের সুবিধাবলি
   - পুনর্ব্যবহারযোগ্য প্রোডাক্টগুলির উদাহরণ
6. শিক্ষার্থীদের নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন, এবং সংশ্লিষ্ট কলামগুলিতে সেগুলির উত্তরগুলি লিখুন:
   - কি ধরণের উপাদান (গুলি) পুনর্ব্যবহার করা যায়/ পুনর্ব্যবহার্য? উদাহরণ দিন।
   - কেন আমরা পুনর্ব্যবহার করি?
   - পুনর্ব্যবহারের সুবিধাগুলি কি কি?
   - সেইসকল প্রোডাক্টগুলির উদাহরন দাও যেগুলি পুনর্ব্যবহার্য উপকরণ থেকে তৈরী হয়েছে?
7. এরপর, শিক্ষার্থীদের দল তৈরী করুন এবং কিছু প্রোডাক্টের কথা ভাবুন যা তারা পুনর্ব্যবহার্য উপকরণ থেকে তৈরী করতে পারে। এই প্রোডাক্টগুলির কয়েকটি যাতে তারা School Banks Club-এ করতে পারে সেবিষয়ে ওদেরকে উৎসাহিত করুন।

৪. শিক্ষার্থীদের জানিয়ে দিন যে আজ আপনার একসাথে কাজ করে দেখবেন যে কিভাবে প্রচার কাজ করে, যদি সেগুলি সঠিকভাবে সংগঠিত হয়, তাহলে তার ভিত্তিতে কমিউনিটির সদস্যদের একত্রিত করে যার ফলে সমস্যার সমাধান হয়। ব্যাখ্যা করুন যে সমস্যা সমাধানের প্রথম পদক্ষেপ হলো সমস্যাটির অস্তিত্ব আছে এই বোধটি জনগণের মধ্যে জাগিয়ে তোলা। কখনও কখনও আমাদেরকে এরজন্য জনগণের মনোযোগ আকর্ষন করতে হয়। আমরা এটিকে ***সচেতনতা জাগ্রতকারী*** বলতে পারি। ওদেরকে জিজ্ঞাসা করুন যে ওরা এরকম কোনো সচেতনতা জাগ্রতকারী প্রচার কর্মসূচী নিজেদের কমিউনিটি, দেশ বা বিশ্বে কখনও সংগঠিত করেছে কিনা।

9. আজ ক্লাসকে জানিয়ে দিন যে কমিউনিটিতে হওয়া কোনো সমস্যার জন্য সচেতনতা জাগানোর জন্য দুটি পদ্ধতির মধ্যে যেকোন একটি নিয়ে আলোচনা করবে। ওদেরকে বোঝান যে এই লেসনের উদ্দেশ্যে আপনি দেখছেন যে কত উন্নততরভাবে লোকাল কমিউনিটির সকলের ব্যবহার্য্য অঞ্চলগুলি পরিস্কার করার জন্য সচেতনতা গড়ে তুলতে হবে।

10. শিক্ষার্থীদের চার বা পাঁচজনের একেকটি দলে ভাগ করুন এবং প্রতিটি দলকে কাগজের বড় টুকরো এবং রঙ পেনসিল, পেন বা ক্রেয়ন দিন।

11. দলগুলিকে জানিয়ে দিন যে ওদেরকে এমন পোস্টার তৈরী করতে হবে যার মাধ্যমে শহর বা গ্রামের সাধারণের ব্যবহার্য্য জায়গাগুলি থেকে আবর্জনা পরিস্কার করার জন্য সচেতনটা গড়ে ওঠে। ওদেরকে জানিয়ে দিন যে এই পোস্টারগুলি প্রথমে ওরা ক্লাবে লাগাবে, তারপর পরীক্ষামুলকভাবে স্কুলে লাগাবে এবং শিক্ষার্থীদের প্রতিক্রিয়ার উপর ভিত্তি করে, কমিউনিটিতে আরো বড় আকারে ছড়িয়ে দিতে হবে।

12. একটি বিকল্প আবেদন, বিশেষ করে আপনার যদি কাগজের বড় টুকরো এবং রঙিন পেন্সিল না থাকে, তাহলে সমস্যা নিয়ে আপনি একটি ছোট কৌতুক রচনা তৈরী করুন।

13. পোস্টার/কৌতুক রচনা তৈরী করবার জন্য কুড়ি মিনিট সময় পাবার পরে যতগুলি সম্ভব গ্রুপকে সেগুলি উপস্থাপন করতে বলুন।

14. অবশেষে, পোস্টার লাগিয়ে বা কৌতুক রচনা উপস্থাপন করার মাধ্যমে কেউ যে কোনো সমস্যার সমাধান করতে পারবে না সেটি শিক্ষার্থীদের জানিয়ে দিন। যদিও সমস্যার প্রতি জনগণের মনোযোগ আকর্ষনের জন্য এর একটি গুরুত্বপূর্ণ ভুমিকা আছে। শিক্ষার্থীদের সঙ্গে নিম্নলিখিত বিষয়গুলি আলোচনা করুন:

    - সমস্যাটি সমাধান করবার জন্য প্রকৃতপক্ষে আর কি কি বাড়তি পদক্ষেপ ওদেরকে নিতে হবে?
    - এই প্রচার কর্মসূচীকে সফল করে তোলার জন্য ওরা কিভাবে আর্থিক সাহায্য পেতে পারে?
    - আরো বেশী বেশী করে সচেতনতা গড়ে তোলার জন্য ওরা কিভাবে স্থানীয় খবরের কাগজে ছোট ছোট বিজ্ঞাপন, গল্প এবং প্রবন্ধ প্রকাশ করতে পারে?

## 4. বিভেদের মধ্যে দিয়ে শক্তি

**উদ্দেশ্য**

এই লেসন সমাপ্ত হবার পরে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) বিভিন্ন মানুষের মধ্যে যে ভিন্নতা আছে সেগুলি গ্রহণ করার গুরুত্বে আলোকপাত করুন।
b) একে অপরকে গ্রহণ করতে পারার সক্ষমতা থাকার সুবিধাগুলি সনাক্ত করুন।

## Instructions

1. শিক্ষার্থীদের বলুন যে আপনি এখন কয়েকটি ক্যাটেগরি (নীচে উল্লেখিত) পড়ে শোনাবেন, এক এক করে পড়বেন, এবং এই প্রত্যেকটির জন্য, ওরা নিজেদেরকে কয়েকটি গ্রুপে ভাগ করে নেবে, নীচে উল্লেখিত ক্যাটেগরি অনুযায়ী। ক্যাটেগরি ভিত্তিক গ্রুপের সংখ্যার তালিকা বোর্ডে লিখুন। যতটা সময় আপনি পাবেন তার ভিত্তিতে আপনি যতগুলি পারবেন ক্যাটেগরি পড়ে শোনান এবং সেগুলিই বেছে নিন যেগুলি আপনার মনে হয় গুরুত্বপূর্ণ:
   - লিঙ্গ
   - শহর বা গ্রামে জন্ম
   - ধর্ম
   - বর্ণ গোষ্ঠী
   - জাতি
2. শিক্ষার্থীদের জোড়া জোড়া করে দিন। পূর্বতন কর্মকান্ডের কোনো একটি বিষয়েও অন্ততপক্ষে একবারের জন্যও একই গ্রুপে ছিল না এমন কোনো একজন করে সঙ্গী বেছে নিয়ে একেকটি জোড় সম্পূর্ণ করুন।
3. ওদেরকে বলুন একে অপরকে বলতে ওদের জীবনের একটি সাধারণ দিনের কথা। ওরা কোন কোন তথ্যাবলি তাতে অন্তর্ভুক্ত করবে সেগুলি জানিয়ে দেবার জন্য বোর্ডে/ক্লিপচার্টে নিম্নলিখিত প্রশ্নগুলি লিখুন:
   - আপনি কখন ঘুম থেকে ওঠেন? আপনি প্রতি দিন কোন কাজটি প্রথমে করেন?
   - আপনি কোথায় থাকেন? আপনার ঘরটির বর্ণনা দিন। আপনি কাদের সঙ্গে থাকেন?
   - আপনি কিভাবে স্কুলে যান? আপনার প্রিয় বিষয়গুলি কি কি? আপনার প্রিয় শিক্ষক মহাশয় কারা?
   - আপনি কিভাবে বাড়ি যান? আপনি বাড়ি পৌঁছে না ঘুমাতে যাওয়া পর্যন্ত আপনি কি কি করেন?
4. এগুলির কাজ যখন চলছে তখন প্রতিটি শিক্ষার্থীকে একটি করে কাগজ, পেন্সিল এবং কয়েকটি রঙিন পেন/পেন্সিল/ক্রেয়ন দিন। কয়েক মিনিট আলোচনার পরে, এবার ওদেরকে বলুন ওর সঙ্গীর দৈনন্দিন বর্ণনা থেকে একটি নির্দিষ্ট বিষয় বের করুন এবং সেটি কাগজে আঁকুন।
5. এই কাজটি করবার জন্য কয়েক মিনিট সময় দিন এরপর শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন (অথবা সময় খুব কম থাকলে কয়েকটি মাত্র) যে ওদের আঁকার মাধ্যমে একে অপরের সঙ্গীকে গোটা ক্লাসের সঙ্গে পরিচিত করিয়ে দিন।

# ইউনিট 5: আমাদের এন্টারপ্রাইজ

## 1. <u>টিমওয়ার্ক</u>

### উদ্দেশ্য

এই লেসনটি সমাপ্ত হলে শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) টিমওয়ার্কের গুরুত্ব বুঝতে পারবে
b) একসাথে কাজ করার গুরুত্ব অপরকে শেখাতে সমর্থ হবে।

## নির্দেশাবলি

1. শিক্ষার্থীদের গোল করে বসতে বলুন।
2. নিম্নলিখিত গল্পটি পড়ে শোনান, এবং ওদেরকে মনোযোগ দিয়ে শুনতে বলুন কেননা এটির পরে আপনি ওদেরকে এই নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করবেন।

   "একদা এক ব্যক্তি ছিলেন যার দুটি পুত্র এবং দুটি কন্যা ছিল যারা সর্বদা একে অপরের সঙ্গে লড়াই করতো। ঐ ব্যক্তি প্রায় ওর সন্তানদের সঙ্গে আলোচনা করার চেষ্টা করেছেন যে এই বিভেদ এবং সংঘাত এবং দুর্দশা কখনই কারোর ভালো করে নি, এবং এথেকে ওরা আপনাআপনি দুর্দশায় পড়বে, কিন্তু ওরা কখনই ওর কথা শোনেনি। সেইকারণে তিনি স্থির করেছিলেন যে ওদেরকে একটি শিক্ষা দিতে হবে যাতে ওরা তার ভাবনাটি বুঝতে পারে।

   একদিন যখন তারা ভয়ানকভাবে ঝগড়া করছিল, তখন ঐ ব্যক্তি তার একটি সন্তানকে একবোঝা লাঠি এনে দিতে বলেছিলেন। এরপর তিনি সকলকে সেই বোঝাটি ভেঙ্গে ফেলতে বলেছিলেন। যদিও সকলে তাদের সর্বতোভাবে চেষ্টা করেছিল, কিন্তু কেউই তাতে সফল হয় নি।

   এরপরে ঐ ব্যক্তি বোঝাটি খুলে দিলেন এবং প্রত্যেক সন্তানকে একটি করে লাঠি হাতে দিয়ে ভেঙ্গে ফেলতে বললেন এবং দেখা গেল সকলেই খুব সহজেই তা করে ফেলল।

   ঐ লোকটি বললেন, হে বাছাগণ, তোমরা কি এটা দেখতে পেলে না যে যদি তোমরা সকলে একসাথে কাজ করো, সকলে সকলের সঙ্গে সহমত হও, এবং একে অপরকে সাহায্য করো, তাহলে তোমাদের শত্রুদের পক্ষে তোমাদের আঘাত করা সম্ভব হবে না। আর যদি তোমারা আলাদা আলাদা হয়ে থাকো তাহলে তোমরা ঐ বোঝার একেকটি লাঠির মতো আর শক্তিশালী থাকবে না।"

3. একবার যখন আপনার এই গল্পটা পড়া শেষ হয়ে যাবে, তখন শিক্ষার্থীদের নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন:
   - এই গল্প থেকে তোমরা কি শিখলে?
   - তোমাদের কি কোনো অভিজ্ঞতা আছে যে বন্ধুরা একসাথে একটা টিম হিসাবে কোনো কাজ সাফল্যের সঙ্গে সম্পূর্ণ করেছো?
4. গোটা ক্লাসে শিক্ষার্থীরা কি বুঝতে পেরেছে যে টিম শব্দটার সঙ্গে তারা আগে পরিচিত ছিল কিনা। যখন ওরা চিৎকার করে উত্তর দেবে, সেগুলিকে বোর্ডে তালিকাভুক্ত করতে। ওদেরকে এমন কতগুলি কাজের উদাহরণ দিতে বলুন যেগুলি তারা ইতিমধ্যে সম্পূর্ণ করেছে যাতে টিম ওয়ার্কের প্রয়োজন ছিল।
5. এরপর শিক্ষার্থীদের পাঁচ বা সাতজন করে নিয়ে একেকটি দল তৈরী করুন এবং প্রতিটি গ্রুপকে একটি করে কাগজ এবং একটি করে পেন্সিল দিন।
6. প্রতিটি গ্রুপকে বলুন যে এমন এককেটা কাজের উদাহরণ খুঁজতে যেগুলি টিম ওয়ার্ক সহকারে 20 মিনিট করে সম্পন্ন হতে লাগে এবং সেটি School Banks Club মিটিংয়ে করা যেতে পারে। যখন ওরা এটা করবে, গ্রুপগুলির মধ্যে ঘুরে বেড়ান এবং ওদেরকে ওদের মতো লেসনগুলির নকশা তৈরী করতে সাহায্য করুন।
7. প্রতিটি গ্রুপকে ওদের ভাবনাগুলি অন্যান্য শিক্ষার্থীদের মধ্যে উপস্থাপন করতে দিন। এই পরিকল্পনায় কে কোন অংশটি সম্পূর্ণ করবে সেটির উপর আলোকপাত করতে বলুন, এবং টিম হিসাবে কাজ করতে শেখার জন্য ওরা যে তিনটি জিনিস শিখলো সেগুলি শেয়ার করতে বলুন।
8. প্রত্যেকটি গ্রুপ তাদের ভাবনাগুলি উপস্থাপন করার পরে, ক্লাসে কোন কাজটি সবচেয়ে ভালো হয়েছে

সেটির জন্য ভোটিং করান এবং শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নিন যে সেই কাজটি কবে করা হবে।

## 1. <u>এন্টারপ্রাইজ আইডিয়া বেছে নেওয়া</u>

**উদ্দেশ্য**

এই লেসনটি সমাপ্ত হলে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) সামাজিক সহযোগিতা, নিরাপত্তা এবং মনোরঞ্জন দিতে পারে এমন প্রতিষ্ঠানগুলির বিষয়ে জানুন।
b) সনাক্ত করুন যে পরিবারে এবং কমিউনিটিতে ওরা কাকে আনতে পারবে।

**নির্দেশ**

1. শিক্ষার্থীদের মধ্যে এন্টারপ্রাইজ বিষয়ে নিম্নলিখিত ধারণাটি উপস্থাপন করবার মাধ্যমে শুরু করুন: একটি এন্টারপ্রাইজ হলো একটি উদ্যোগ বা কোনো একটি নির্দিষ্ট উদ্দেশ্য থাকা একটি প্রোজেক্ট। এর উদ্দেশ্য হতে পারে উপার্জন করা, কোনো একদল ব্যক্তি, কমিউনিটি বা পরিবেশকে সুবিধা দেওয়া অথবা কোনো একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সকলের মধ্যে সচেতনতা গড়ে তোলা। একটি এন্টারপ্রাইজে সাংগঠনিক কর্মকান্ড প্রয়োজন।
2. শিক্ষার্থীদের জানিয়ে দিন যে এন্টারপ্রাইজ বিভিন্ন প্রকারের হতে পারে এবং কখনও কখনও সেটি একটি মিশ্রন হতে পারে। তিন প্রকারের এন্টারপ্রাইজ, তাদের উদ্দেশ্য বোর্ডে লিখুন:
   - সোশ্যাল এন্টারপ্রাইজ: কোনো একদল ব্যক্তি বা কমিউনিটিকে সুবিধা পাইয়ে দিতে অথবা কোনো গুরুত্বপূর্ণ বিষয়ে সচেতনতা গড়ে তুলতে
   - আর্থিক এন্টারপ্রাইজ: উপার্জন গড়ে তুলতে।
   - পরিবেশগত এন্টারপ্রাইজ: পরিবেশের যত্ন নেওয়া যাতে ভবিষ্যত প্রজন্ম আমরা যেভাবে উপভোগ করছি তারাও যেন সেভাবে উপভোগ করতে পারে।
3. প্রতিটি গল্পে যে এন্টারপ্রাইজের কথা বলা হচ্ছে শিক্ষার্থীদের কাছে জানতে চান যে তারা সেটি সনাক্ত করতে পারছে কিনা। একজন নতুন শিক্ষার্থীকে চারটি গল্প পড়ে শোনাতে বলুন।
   - আয় করার জন্য একজন School Banks Club বাজার থেকে কয়েকটা খরগোশের বাচ্চা কিনলো। তারপর সেগুলিকে তিন মাস ধরে খাওয়ানোর পরে বড় করে এমন দামে বিক্রি করলো যাতে ওদের লাভ হয়। এই আয়ারে টাকা দিয়ে নববর্ষের ছুটিতে স্কুলে অনুষ্ঠিত মেলাতে খরচ করল।
   - একজন School Banks Club তাদের কমিউনিটির চারপাশ পরিস্কার পরিচ্ছন্ন করার কর্মসূচীতে অংশ নিতে পারে যার মাধ্যমে কমিউনিটিতে তার কিছুটা অবদান থেকে যায় এবং একই সময়ে পরিবেশের যত্ন নেওয়ার বিষয়ে সচেতনতা গড়ে তুলতে পারে।
   - একটি কমিউনিটিতে যেখানে তামাক চিবানো একটি অস্বাস্থ্যকর অভ্যাস হয়ে দাঁড়িয়েছে, সেখানে একজন School Banks Club সদস্য প্রাপ্তবয়স্কদের জন্য সচেতনতার প্রচার শুরু করতে পারে। ওরা কমিউনিটি থেকে সিগারেটের পোড়া টুকরোগুলি জড়ো করলো এবং সেগুলিকে সকলের সামনে আগুন লাগিয়ে দিল। আরেকটি ক্লাবের পক্ষ থেকে সচেতনটা মুলক কর্মসূচীর অংশ হিসাবে স্বাস্থ্য বিষয়ক প্রচার তৈরী করলো যেখানে সদস্যরা প্রচার করলো যে সঠিক চিকিৎসকের কাছ থেকে চিকিৎসা নিতে কোনো হাতুড়ে চিকিৎসক নয়।

4. শিক্ষার্থীদের জানিয়ে দিন যে কয়েকটি এন্টারপ্রাইজভুক্ত বানানোর জন্য ওদেরকে দলবেঁধে কাজ করতে হবে, কিন্তু প্রথমে ক্লাস হিসাবে সেটি প্রতিষ্ঠা করতে হবে, যেখানে সর্বোত্তম ভাবনাটি বেছে নেওয়া যায় (উদাহরণস্বরুপ, সৃজনশীলতা, বহু মানুষকে অন্তর্ভুক্ত করা, মজার মজার বিষয়, মানুষের উপর সর্বোচ্চ প্রভাব পড়া, সহজে পালন করা, কম খরচ, ইত্যাদি)। এরপর ওদেরকে জিজ্ঞাসা করতে বলুন:
   - কোনো একটি এন্টারপ্রাইজকে কি *মহান* করে তোলে?
5. তার বৈশিষ্ট্যগুলি বোর্ডে বা চার্টে লিখে ফেলুন যাতে শিক্ষার্থীরা সেগুলিকে পরে সহজেই দেখতে পায়।
6. এরপরে, শিক্ষার্থীদের পাঁচ জন করে নিয়ে একেকটি দল তৈরী করুন এবং ওদেরকে একে অপরের সঙ্গে আলোচনা করে প্রতিটা গ্রুপে দুটি করে এন্টারপ্রাইজমূলক ভাবনা ভাবতে বলুন। শিক্ষার্থীদের উৎসাহিত করুন যাতে তারা সেইসমস্ত এন্টারপ্রাইজগুলিকে সনাক্ত করতে পারে যেগুলি তিনটি ভিন্ন প্রকারের মিশ্রন।
7. উল্লেখিত সারণীটির মতো করে বোর্ডে একটি চিত্র আঁকুন এবং শিক্ষার্থীদেরকে 1 থেকে 5 এর মধ্যে স্কোর দিয়ে প্রতিটি ভাবনা যেগুলির বিষয়ে তারা পূর্বে একমত হয়েছিল সেগুলি ভাবুন (1 হবে সবথেকে বাজে, এবং 5 হবে সবথেকে ভালো)। প্রতিটি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করতে হবে, উদাহরণস্বরুপ ওরা যেন *খরচসাপেক্ষ* ব্যবহার না করে *খরচসাশ্রয়ী* ব্যবহার করে।

| | এন্টারপ্রাইজ আইডিয়া 1 | এন্টারপ্রাইজ আইডিয়া 2 | এন্টারপ্রাইজ আইডিয়া 3 | এন্টারপ্রাইজ আইডিয়া... | এন্টারপ্রাইজ আইডিয়া... |
|---|---|---|---|---|---|
| বৈশিষ্ট্য 1 | | | | | |
| বৈশিষ্ট্য 2 | | | | | |
| বৈশিষ্ট্য 3 | | | | | |
| বৈশিষ্ট্য 4 | | | | | |
| মোট স্কোর | | | | | |

8. আপনি যদি ইচ্ছা করেন তাহলে আপনি নিম্নলিখিত উদাহরণগুলি দিতে পারেন: ইনক্রেডিবল ইনভেস্টিগেটর্স ক্লাব তিনটি বৈশিষ্ট্য বেছে নিয়েছে: সৃজনশীলতা, কম খরচ এবং মজাদার। ওদের দুটি এন্টারপ্রাইজমূলক ভাবনা ছিল: একটি হলো অত্যন্ত সৃজনশীলতা এবং মজা কিন্তু এটি করতে গেলে অনেক খরচ লাগবে। অন্য ভাবনাটি কম মজাদার ছিল, কিন্তু খুব একটা সৃজনশীলও ছিল না এবং বেশ খরচসাপেক্ষও ছিল। ওদের টেবিলটা নিম্নের মতো ছিল:

| বৈশিষ্ট্য | এন্টারপ্রাইজ আইডিয়া 1 | এন্টারপ্রাইজ আইডিয়া 2 |
|---|---|---|
| সৃজনশীলতা | 5 | 2 |
| কম খরচ | 2 | 3 |
| মজাদার | 5 | 3 |
| মোট পয়েন্ট | **12** | **8** |

9. শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন যে আপনার মতে ওরা কোনটি বেছে নেবে?
10. শিক্ষার্থীদের তাদের এন্টারপ্রাইজমূলক ভাবনার জন্য মোট পয়েন্ট গণনা করতে বলুন এবং ভোটিংয়ের মাধ্যমে বেছে নিন যে সর্বোচ্চ পয়েন্ট কোনটিতে হতে পারে। যদি ওরা ওদের ফলাফল নিয়ে সন্তুষ্ট

না হয় সেক্ষেত্রে ওদেরকে আলোচনা করতে উৎসাহিত করুন যে ভাবনাটি প্রতিষ্ঠিত হলো সেটি সত্যিকারেই সর্বোত্তম ভাবনা ছিল। ওদেরকে নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন:

- আর অন্য কোন বৈশিষ্ট্যকে এর সাথে যোগ করা যায়?
- অন্য বৈশিষ্ট্যটির তুলনায় আর কি কোনো মূল্যবান বৈশিষ্ট্য আছে?

## 2. এন্টারপ্রাইজ বনাম শিশু শ্রম!

### উদ্দেশ্য

এই লেসন সমাপ্ত হবার পরে শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) School Banks এন্টারপ্রাইজ বনাম শিশুশ্রমের পার্থক্য বুঝতে পারবে।
b) বুঝতে পারবে কেন শিশু শ্রমের দ্বারা শিশুদের অধিকার হরণ বোঝায়।

### নির্দেশাবলি

1. নিচে উল্লেখিত অংশে দিয়ার গল্পটি পড়ার মাধ্যমে ক্লাস শুরু করুন।
2. বাচ্চাদেরকে তিন জনের এককেটি গ্রুপ তৈরী করে দিন এবং ওদেরকে কয়েক মিনিট সময় দিন যাতে ওরা নিজেদের মধ্যে আলোচনা করতে পারে যে শিশু শ্রম এবং দিয়া যা করছে সেগুলির মধ্যে পার্থক্য কি আছে।
3. যখন বাচ্চারা নিজেদের মধ্যে আলোচনা করছে তখন আপনি নিম্নলিখিত ছয়টি বাক্য আলাদা আলাদা কাগজে লিকে দেওয়ালে আটকে দিন।

| |
|---|
| দিয়া ওর স্কুলের হোমওয়ার্ক এবং স্কুলে উপস্থিত হওয়া চালিয়ে যাচ্ছিল। |

| |
|---|
| এটা করবার সময়ে ও আনন্দ পাচ্ছিল। |

| |
|---|
| এটা করার পরেও ও খেলতে সময় পাচ্ছিল। |

| |
|---|
| ও নতুন নতুন কাজ শিখছিল: কিভাবে বাজেট করতে হয়, কিভাবে পরিকল্পনা করতে হয় এবং মাটির কাজ কিভাবে করতে হয়। |

| |
|---|
| দিয়া বেছে নেবার সুযোগ পেয়েছিল যে ও করবে কি করবে না। |

| |
|---|
| ও যেটা করছিল সেটা শারীরিকভাবে এবং মানসিকভাবে ক্ষতিকারক নয়। |

4. পাঁচ মিনিট আলোচনা করার শেষে, ওদের কাছ থেকে উত্তর শোনার চেষ্টা করুন। এই পর্যায়ে ওদেরকে সংশোধন করে দেবেন না। ওদের ভাবনাগুলির প্রতি আগ্রহ দেখান এবং এগুলি শোনানোর জন্য ওদেরকে ধন্যবাদ দিন।
5. এখন বাচ্চাদেরকে তিন জন করে একেকটি দল করে দিন। নিশ্চিত হয়ে নেবেন যাতে একজন বাচ্চা অন্তত লিখতে পারে। ওকে বুঝিয়ে দিন যে ওই হবে দলের লেখক। আরো নিশ্চিত হয়ে নেবেন যে অন্য দুজন যেন একাজ না করে। ওদেরকে বুঝিয়ে বলুন যে ওরা হলো দলের দৌড়বিদ।
6. ওদেরকে বলুন যে যারা দৌড়বিদ তারা গোটা ক্লাসরুম ঘুরে ঘুরে আপনি যে বার্তাগুলি দেওয়ালে আটকিয়ে দিয়েছেন সেগুলি খুঁজে খুঁজে দেখবে। যখন ওরা বার্তাগুলি খুঁজে পাবে তখন ওরা সেগুলি স্পর্শ করবে না। বরং সেগুলি ওরা দ্রুততার সঙ্গে পড়ে নেবে এবং মনে রাখবে এবং এই অবস্থায়

দৌড়ে লেখকের কাছে এসে পৌঁছাবে। ওরা বার্তাগুলি লেখকে শোনাবে এবং লেখক সেগুলি লিখে নেবে।

7. কাজটি শেষ করার জন্য পাঁচ মিনিট সময় দিন এবং তারপর ওদের উত্তরগুলি দেখতে থাকুন। ব্যাখ্যা করে বোঝান যে দিয়া যে কাজটি করছে সেটি শিশুশ্রমের থেকে আলাদা রকমের। শিশুশ্রম খারাপ জিনিস। শিশুশ্রম হলো সেই কাজ যা করার জন্য শিশুরা স্কুলে যেতে পারে না, তাদের খেলাধুলা এবং হোমওয়ার্ক সম্পূর্ণ করার সময়ে হস্তক্ষেপ করে, যখন শিশুদের এই কাজ না করা ছাড়া কোনো উপায় থাকে না, বা যখন এদের স্বাস্থ্য বা মনের আনন্দ চলে যায় – এই নেতিবাচক প্রভাবগুলির যেকোন একটিই শিশুশ্রম সৃষ্টি করে। শিক্ষার্থীদের ব্যাখ্যা করে বোঝান যে এমনকি যখন ওদের কাজ করার জন্য বয়স হয়ে যাবে তখনও পর্যন্ত এমন কিছু কাজ থাকে যেগুলিকে শিশুশ্রম বলে গণ্য করা যেতে পারে কেননা যতক্ষণ না পর্যন্ত 18 বছর বয়স হচ্ছে ততক্ষণ পর্যন্ত ঐ কাজগুলি তাদের পক্ষে করা ক্ষতিকারক – এইধরণের কাজগুলির মধ্যে যে বিপদজনক কাজগুলি অন্তর্ভুক্ত সেগুলি হলো, ইন্ডাস্ট্রিয়াল ফিশিং বা অন্যান্য বিপদজনক কাজ।
8. অবশেষে, শিক্ষার্থীদের ছয়জন করে নিয়ে একেকটি গ্রুপ তৈরী করুন। ইমেজ থিয়েটার ব্যবহার করে অর্ধেক গ্রুপকে বলুন বাচ্চাদের একটি চিত্র ফুটিয়ে তুলতে যেখানে তারা কোনো একটি শিশু কিছু একটা কর্মকান্ড করছে তার ইতিবাচক অভিজ্ঞতা প্রদর্শিত হয়। অন্য অর্ধেক গ্রুপকে বলুন শিশুদের একটা চিত্র ফুটিয়ে তুলতে যেখানে শিশুশ্রম প্রদর্শিত হচ্ছে।
9. সময় হাতে রেখে যত বেশী সংখ্যক গ্রুপকে দেখার সুযোগ হয় সেগুলি দেখুন।

### উপকরণ: দিয়ার গল্প

আমি তোমাদেরকে আরেকজন School Banks Club-এর কথা বলতে চাই। ওর নাম হলো দিয়া। ও পঞ্চম শ্রেণীতে পড়ে। ওর বাবা একজন কুমোর যিনি কুমোরের চাকা ঘুরিয়ে ঘুরিয়ে সুন্দর সুন্দর টেরাকোটার পাত্র, নলযুক্ত পাত্র এবং অন্যান্য আরো অনেক জিনিস তৈরী করেন। দিয়া ওর মাকে মাটি মাখতে সাহায্য করে যে মাটি মাখার পরে ঐ চাকায় রাখা হয় আর তারপর ওর বাবা ঘুরিয়ে ঘুরিয়ে বিভিন্ন জিনিস তৈরী করেন। এই সাহায্যের কাজটি ওর খুব পছন্দ এবং এতে করেও ওর স্কুলের পড়াশুনার কাজ করতে অনেক সময় থাকে এবং বন্ধুদের সঙ্গে খেলা করারও অনেক সময় থাকে।

ওর মায়ের সঙ্গে কাজ করতে করতে ও ছোট ছোট খেলনা তৈরী করতে শুরু করলো। ও ছোট ছোট পাত্র, টেরাকোটার ল্যাম্প, একটি ছোট শূকরছানা, একটি হাতি এবং একটি বিড়াল তৈরী করলো। ওর বাবা খেলনাগুলি দেখলেন এবং খুশী হলেন দেখে যে ও নিজের হাতে জিনিস তৈরী করতে পারছে। যখন ওর বাবামা বাজারে পাত্রগুলি নিয়ে যেত দিয়াও ওদের সঙ্গে যেত।

বাজারে সমস্ত দোকানগুলি দেখে ও মুগ্ধ হয়ে গেল এবং সেখানে যা যা বিক্রি হতে দেখল সেগুলি দেখেও মুগ্ধ হয়ে গেল। ও ঠিক করলো যে ও একটা নতুন ফিতে কিনবে যা দিয়ে ও ওর চুল বাঁধবে। ও দাম দেখল। ও দেখল যে ও যদি ওর নিজের হাতে করা ছয়টি খেলনা বাজারে বিক্রি করে তাহলে ও ফিতে কিনতে পারবে। ও খুব উত্তেজিত হয়ে গেল। ও ওর বাবামায়ের দোকানে এলো এবং বাবামায়ের জিনিসের সাথে সাথে ওর খেলনাগুলিও বিক্রি করতে লাগলো। ও ওর ছয়টি খেলনা বিক্রি করে দিল এবং একটা ফিতে কিনল। ও এরপর বাকী খেলনাগুলি বিক্রিতে মনোযোগ দিল এবং স্থির করলো যে ও ওর স্কুলে পড়ার জন্য কয়েকটা বই কিনবে।

প্রত্যেক সপ্তাহে ও ওর বাবামায়ের সাথে সময় দিতে লাগলো যে কিভাবে মাটি মাখার নতুন নতুন পদ্ধতি শেখা যায়, কিভাবে নতুন নতুন প্রকারের টেরাকোটার খেলনা তৈরী করা যায়, সেগুলি সুন্দর হলো কিনা সেবিষয়ে নিশ্চিত হওয়া, আগুনে পোড়ানো এবং সঠিকভাবে প্যাকিং করা যাতে সেগুলি ভেঙ্গে না যায়। ও স্কুলে যাওয়াও চালিয়ে যেতে লাগলো এবং School Banks Club ক্লাবের একজন সদস্য হলো। ও এখন নলযুক্ত পাত্র, ফুলদানি, জগ এবং অন্যান্য জিনিসপত্র যেগুলি ওর বাবা মা তৈরী করতো সেগুলি বানাতে শিখতে লাগলো।

# ইউনিট 6: আমার জীবনের লক্ষ্যগুলি

## 1. জীবনের লক্ষ্যগুলি

**উদ্দেশ্য**

এই লেসন সমাপ্ত হবার পরে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) দায়দায়িত্বের মধ্যে সংযোগ তৈরী করা এবং ভালো ভাবে জীবনকে বেছে নিতে পারা।

**নির্দেশাবলি: School Banks Club সিদ্ধান্তগুলি**

1. শিক্ষার্থীদের নিয়ে একটি আলোচনায় বসুন, নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন:
   - এমন কি কোনো অভিজ্ঞতা আছে যেখানে আপনি বাজে সিদ্ধান্ত নিয়ে ফেলেছিলেন (কয়েকজন স্বেচ্ছাসেবককে তাদের অভিজ্ঞতা শেয়ার করতে বলুন)
   - আপনার কি মনে হয় যে কখনও আপনি আলাদা কোন সিদ্ধান্ত নিয়েছিলেন বা আলাদা কোনো কাজ করেছিলেন?
   - ভালো নির্বাচন বেছে নেওয়া গুরুত্বপূর্ণ কেন?
   - জীবনের ভালো কিছু নেওয়ার ক্ষেত্রে দায়দায়িত্ব একটি উপাদান কীভাবে হয়?
   - আপনার কর্মকান্ড কেন অন্যদেরকে প্রভাবিত করে না?
   - আপনি কিভাবে জানেন/বিশ্লেষন করেন যে কোন জিনিসটাই সঠিকভাবে করতে হবে?
2. পাঁচ বা সাত জন শিক্ষার্থীদেরকে নিয়ে একেকটি গ্রুপ তৈরী করুন এবং সকলকে বলুন উল্লেখিত এই বিষয়ের উপর একটি গান তৈরী করতে: জীবনের ভালো জিনিসগুলি বেছে নেওয়া।
3. ওদেরকে কয়েক মিনিট সময় দিন তৈরী হতে, তারপর প্রতিটি গ্রুপ যেন তাদের গানগুলি অবশিষ্ট ক্লাসের সামনে উপস্থাপন করে।
4. যেসকল শিক্ষার্থীরা এই উপস্থাপনগুলি দেখছিল ওদেরকে জিজ্ঞাসা করুন যে এর থেকে ওরা কি বুঝলো। বিভিন্ন দৃষ্টিভঙ্গী শেয়ার করা জন্য ওদেরকে উৎসাহিত করুন এবং ওদের সঙ্গে কথা বলুন যে এই বিষয়ে ওরা অরাজি কিনা বা ওদের কোনো আলাদা দৃষ্টিভঙ্গী আছে কিনা।

## 2. রোল মডেল

**উদ্দেশ্য**

এই লেসন সমাপ্ত হওয়ার পরে, শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) লিঙ্গের ভিন্নতা থাকা সত্বেও যেসকল মহিলা রোল মডেল দারুন সাফল্য অর্জন করেছেন তাদের আলোচনায় জোর দিন।

b) ওদের নিজস্ব লক্ষ্যগুলির কথা বিবেচনা করুন এবং এই লক্ষ্যমাত্রা অর্জনে ওরা কি কি চ্যালেঞ্জের মুখোমুখি হবে সেগুলি বিবেচনা করুন।

### নির্দেশাবলি

1. পাঁচ বা সাত জন শিক্ষার্থী নিয়ে একেকটি গ্রুপ তৈরী করুন এবং ওদেরকে মহিলা ও মেয়ে রোল মডেল যারা তাদের কাজের জন্য বিখ্যাত তাদের উদাহরণ চিন্তা করতে বলুন। তাদের গুরুত্বপূর্ণ কাজ বলতে সরকারী অফিসের কাজ, পরিষেবা, কোম্পানীর কাজ এবং সম্ভব হলে সৃষ্টিশীল কোন কাজও হতে পারে।
2. 5 মিনিট পরে, একেকটি গ্রুপকে ডেকে আলোচনা শুরু করুন, ওদেরকে নাম বলতে বলুন এবং একজন শিক্ষার্থীকে বোর্ডে সেই নামটা লিখতে বলুন। অন্যান্য গ্রুপদের বলুন নতুন কোনো নাম থাকলে যেন সেগুলিই কেবল উল্লেখ করে কেননা একই নাম যেন বারবার না আসে। যতক্ষণ না পর্যন্ত প্রতিটি গ্রুপের তাদের নাম শেষার করা সম্পূর্ণ হচ্ছে ততক্ষণ চালিয়ে যান।
3. একবার আপনার এটা করা হয়ে গেলে, শিক্ষার্থীদের নিয়ে একটি আলোচনা সভা শুরু করে ওদেরকে জিজ্ঞাসা করুন: তোমরা সকলেই কি একমত যে যেসকল রোল মডেলের নাম এখানে উল্লেখ করা হলো তারা সবাই ইতিবাচক রোল মডেল? কেন এবং কেন নয়?
4. শিক্ষার্থীদের ঐ গ্রুপেই রেখে দিন এবং বোর্ডে লেখা যেকোন একটি নাম তালিকা থেকে বেছে নিন।
5. শিক্ষার্থীদের বলুন ইমেজ থিয়েটার ব্যবহার করে দুটি ভিন্ন ভিন্ন চিত্র ফুটিয়ে তুলতে: একটিতে এমন একজন ব্যক্তি যিনি তার জীবনের লক্ষ্যমাত্রা পূরণে চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছিলেন, এবং অন্যটিতে তিনি কিভাবে সেই চ্যালেঞ্জগুলি অতিক্রম করেছিলেন। ওদেরকে বলুন যে ওরা যদি ঐ ব্যক্তির সত্যিকারের ইতিহাস না জানে তাতে কিছু যায় আসবে না, ওদেরকে শুধু এটাই কল্পনা করতে হবে ঐ ব্যক্তির ক্ষেত্রে কি কি হয়েছিল।
6. গ্রুপগুলিকে 10 থেকে 15 মিনিট সময় দিন প্রস্তুত হবার জন্য এবং তারপর প্রতিটি গ্রুপ যেন ক্লাসে সকলের সামনে তাদের উপস্থাপনাটি পরিবেশন করে, একে একে।
7. প্রতিটি উপস্থাপনের পরে, অন্যান্য শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন যে কোন ব্যক্তির চিত্র এখানে ফুটিয়ে তোলা হচ্ছে সেটি আন্দাজ করবার এবং চ্যালেঞ্জগুলি কি কি ছিল এবং কিভাবে তিনি সেগুলি অতিক্রম করেছিলেন। নিম্নলিখিত প্রশ্নগুলির যেকোন একটি জিজ্ঞাসা করবার মাধ্যমে আলোচনা চালিয়ে যেতে উৎসাহ দিন:
   - চরিত্রটির প্রধান সাফল্য কি ছিল?
   - তিনি মুখোমুখি হয়েছিলেন এমন কতগুলি চ্যালেঞ্জ কি কি?
   - কিভাবে তিনি সেগুলিকে অতিক্রম করেছিলেন?
8. প্রতিটি শিক্ষার্থীকে কয়েক মিনিট ধরে চিন্তা করতে দিন যে তারা কি অর্জন করবার আশা করছে, তারা কি কি চ্যালেঞ্জের মুখোমুখি হবে, এবং কিভাবে তারা সেই চ্যালেঞ্জগুলিকে অতিক্রম করবে?

## 3. আমার ভবিষ্যত

### উদ্দেশ্য

এই লেসনটি সমাপ্ত হবার পরে শিক্ষার্থীরা যা যা করতে সমর্থ হবে:

a) বুঝতে পারবে যে বিভিন্ন পেশায় বিভিন্ন ধরণের দক্ষতা, শিক্ষা এবং অঙ্গীকার প্রয়োজন হয়
b) তাদের জীবনের লক্ষ্যমাত্রা অর্জন করবার জন্য বিভিন্ন দায়দায়িত্ব নেওয়ার বিষয়ে রাজি হতে হবে।

## নির্দেশাবলি

1. শিক্ষার্থীদের নিয়ে একটি বৃত্ত তৈরী করুন এবং যদেচ্ছাকৃতভাবে দশটি নুড়ি পাথর ওদের হাতে দিন।
2. ক্লাসে জানিয়ে দিন যে এখন ওরা *পাস দি পেবল* খেলাটি খেলবে যেখানে ওদেরকে বৃত্তের মধ্যে উপস্থিত সকলের মধ্যে নুড়িগুলি পাস করতে বলুন এবং যখনই আপনি *থামতে* বলবেন, দশজন ছাত্র যাদের হাতে তখন নুড়িগুলি থাকবে তারা বোর্ডে আসবে এবং বিভিন্ন জীবিকার নাম লিখবে।
3. শিক্ষার্থীদের বলুন নুড়িগুলি পরের জনের হাতে দিতে এবং কিছুক্ষণ পরে ওদেরকে বলুন থামো। এই প্রক্রিয়াটি 5 থেকে 10 মিনিট করুন।
4. শিক্ষার্থীদের বলুন ওদের বয়স 25 হয়েছে বলে কল্পনা করতে এবং সেই বয়সে তারা কোনধরণের জীবিকা চায় সেটি লিখতে বলুন। ওদেরকে নিশ্চিত হতে বলুন তাহলে ওরা নিম্নলিখিত ফ্যাক্টর/উপকরণগুলি লিখবে:
   - এই কাজের মধ্যে যে দায়িত্ব আছে সেটি কোন পর্যায়ের
   - কোন স্তর পর্যন্ত শিক্ষা প্রয়োজন
   - ঐ জীবিকায় সফল হতে গেলে যেধরণের সুনির্দিষ্ট দক্ষতা প্রয়োজন
   - ঐ কাজে যে ঝুঁকি বা বিপদের সম্ভাবনা অনুর্ভুক্ত থাকে (উদাহরণ স্বাস্থ্যের সমস্যা বা কাজের দায়িত্ব)
   - প্রতি দিন বা প্রতি সপ্তাহে কতটা সময় দিতে হবে
   - পেমেন্ট কেমন পাওয়া যাবে (কম, মাঝারি, বেশী, অত্যন্ত বেশী)
   - যে প্রকারের পরিষেবা এই জীবিকা থেকে পাওয়া যাবে তার চাহিদা (বাজারে কতটা প্রয়োজন)
5. শিক্ষার্থীদের জোড়ায় জোড়ায় রাখুন এবং ওদের উত্তরগুলি পরস্পরের সঙ্গে শেয়ার করতে দিন। প্রত্যেককে প্রশ্ন জিজ্ঞাসা করবার বিষয়ে উৎসাহ দিন যাতে সকলের জীবনের লক্ষ্য সামনে আসে।
6. ওদের সঙ্গীদের সঙ্গে শেয়ার করার পরে শিক্ষার্থীদের একা একা কাজ করতে বলুন, এবং ধাপে ধাপে চিন্তা করতে দিন ওদের প্রয়োজন অনুসারে যাতে ওদের জীবিকার কথা বেরিয়ে আসে।
7. 10 মিনিট সময় দিন এই কাজটি করতে, তারপর শিক্ষার্থীদের পুনরায় জোড়া জোড়ায় রাখুন এবং ওদের উত্তরগুলি শেয়ার করতে বলুন।
8. যতক্ষণ সময় পাবেন সেই সময়ের মধ্যে তত জোড়াকে ওদের আলোচনাগুলি শেয়ার করতে বলুন অবশিষ্ট ক্লাসের সামনে এবং নিম্নলিখিত প্রশ্নগুলির কথা বিবেচনা করুন:
   - আপনার যখন 25 বছর বয়স হবে তখন কি আপনার জীবনের সুনির্দিষ্ট লক্ষ্য বেছে নেওয়া সহজ হবে? কেন হবে বা কেন হবে না?
   - এই লক্ষ্য পূরণে যে সকল পদক্ষেপগুলি গ্রহণ করতে হয় সেগুলি লিখে ফেলা কি খুব সহজ? কেন হবে বা কেন হবে না?
   - আপনি এবং আপনার সঙ্গী সনাক্ত করতে পেরেছেন এমন একইধরণের পদক্ষেপগুলি কি কি? এমন কি কেউ আছেন যিনি আপনাকে সাহায্য করতে পারবেন?
9. জীবনের লক্ষ্য নির্দিষ্ট করা গুরুত্বপূর্ণ কেন এবং সেটি অর্জনের জন্য কোন কোন পদক্ষেপ গ্রহণ করতে হবে সেগুলির উপর জোর দিন। ওদেরকে দেখিয়ে দিন যে জীবনের লক্ষ্য পূরণে কাজ করে যাওয়া খুব সহজ নয় এবং ঐ লক্ষ্য পরিবর্তনও হতে পারে, কিন্তু একটা লক্ষ্য থাকা এবং এটি অর্জনে এর পদক্ষেপগুলি বা অন্যান্য ব্যক্তি যারা আপনাকে সাহায্যও করতে পারে এবং এটি অর্জনের জন্য ওদের মন নির্দিষ্ট করতে পারলে ওদের স্বপ্ন পূরণ করতে পারার সুযোগ বৃদ্ধি পাবে।

# বছর শেষের উৎসব

আপনার ক্লাসকে অভিনন্দন জানান যে একবছর ব্যাপী সামাজিক এবং আর্থিক শিক্ষা সম্পূর্ণ করলেন এবং শিক্ষার্থীদের উৎসাহ দিন এটিকে উদযাপন করবার জন্য বিভিন্ন পরিকল্পনা করতে।

প্রতিটি শিক্ষার্থী যারা ক্লাসে অন্ততপক্ষে ৪০ শতাংশ উপস্থিত ছিল এবং একটি সেভিংস অ্যাকাউন্ট খুলেছে তাদেরকে School Banks Club শংসাপত্র দিন।

শিক্ষার্থীদের বলুন যে ওরা যদি নিম্নলিখিত সহজ পদক্ষেপগুলি সম্পূর্ণ করতে পারে তাহলে তারা অফিসিয়াল School Banks Club শংসাপত্র পাবে:

1. www.schoolbankchamps.com–এ একটি অনলাইন প্রোফাইল খুলুন
2. অনলাইন লেসনগুলি সম্পূর্ণ করুন।
3. ওদের এন্টারপ্রাইজ স্টোরিগুলি অনলাইনে শেয়ার করুন।




*আপনি www.schoolbankchamps.com–এর রিসোর্স অংশে পোস্টারটির মুদ্রনযোগ্য সংস্করণ পেতে পারেন।